# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Falgun 6, 1430 Bangla, February 19, 2024, Monday, No. 50, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina calls upon global leaders to stop massacre in Gaza. Adds, what is currently happening in Gaza is genocide. The Palestinians have the rights to live and form their own state. (VOA: 7; Jago FM: 14; R. Today: 12)

AL GS Obaidul Quader says, there is no obstacle for the functioning of Parliament. There is an opposition party & independent MPs. They can criticize the govt. If anyone conspires with the election, they will not be exempted. (Jago FM: 14)

State Minister for Information & Broadcasting Mohammad A. Arafat says, Bangladesh suffers like Western countries due to misinformation. Adds, EU and BD will work together to prevent disinformation and misinformation. (R. Today: 12)

BNP Leader Dr. Abdul Moin Khan says AL has hurt the basic ideals of independence. Adds, we are agitating in this transitional period of the country. This movement is to restore democracy. (R. Tehran: 9)

Jatiya Party is once again on the verge of collapse due to the leadership conflict. Rowshan Ershad has announced a committee to hold national council with his supporters & activists. (R. Today: 12)

Gunfires are being heard across the Naf River. Five Rohingyas, including a woman who was shot, flocked to Shahpari island jetty. Fighting has also escalated in Maungdu, Myanmar. (DW: 11)

HC comments that mafia is active in medical sector in many countries including Bangladesh. The court has said the mafia acts as re-agents in the supply of medical supplies including medicines. (R. Today: 12)

A conflict has arisen between Dr. Yunus & Grameen Bank over the ownership & control of seven companies including Grameen Telecom, Grameen Kalyan. Dr. Yunus alleges that institutions are being expropriated. (BBC: 3)

Unstable situation have been created in at least 4 universities of BD due to internal conflict of Chhatra League. (DW: 9)

In the face of threat of armed organization Kuki-Chin Front KNF, all types of traffic have been stopped in Thanchi, Ruma and Rowangchari upazilas of Bandarban. Common passengers and tourists have suffered due to this. (R. Toay: 13)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ৬, বাংলা ১৪৩০, ফেব্রুয়ারি ১৯, ২০২৪, সোমবার, নং- ৫০, ৫৪তম বছর**

# শিরোনাম

গাজায় গণহত্যা বন্ধে বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন গাজায় বর্তমানে যা ঘটছে তা গণহত্যা। তিনি বলেন, ফিলিস্তিনি জনগণের বেঁচে থাকার ও তাদের নিজস্ব রাষ্ট্র গঠনের অধিকার রয়েছে। (ভোয়া : ৭; জাগো এফএম : ১৪; রে. টুডে : ১২)

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, 'সংসদ কার্যকর হতে কোনো প্রতিবন্ধকতা নেই। সংসদে বিরোধীদল আছে, সতন্ত্র আছে। তারা সরকারের সমালোচনা করতে পারবে। কেউ যদি নির্বাচন নিয়ে ষড়যন্ত্র করে, তাদের ছাড় দেওয়া হবে না।' (জাগো এফএম : ১৪)

অপতথ্যের কারণে পশ্চিমা দেশগুলোর মতো বাংলাদেশও ক্ষতির মধ্যে পড়ছে বলে দাবি করেছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। বলেছেন অপতথ্য ও ভুল তথ্য রোধে ইউরোপীয় ইউনিয়ন ও বাংলাদেশ একসঙ্গে কাজ করবে। (রে. টুডে : ১২)

আওয়ামী লীগ স্বাধীনতার মূল আদর্শে আঘাত করেছে বলে মন্তব্য করেছেন বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ডক্টর আব্দুল মঈন খান। তিনি বলেন, দেশের এই ক্রান্তি কালে আমরা আন্দোলনরত আছি। এই আন্দোলনটা হচ্ছে বাংলাদেশে গণতন্ত্র ফিরিয়ে আনতে হবে। (রে. তেহরান : ৯)

নেতৃত্বের দ্বন্দ্ব থেকে আবারও ভাঙ্গনের মুখে জাতীয় পার্টি। রওশন এরশাদ তার সমর্থক নেতাকর্মীদের নিয়ে জাতীয় কাউন্সিল করার জন্য কমিটি ঘোষণা করেছেন। সংবাদ সম্মেলনে তিনি বলেন জাতীয় পার্টি এখন চরম বিপর্যয়ের মধ্যে পড়েছে। (রে. টুডে : ১২)

গত দুইদিন ধরেই নাফ নদীর ওপারে গোলাগুলির শব্দ শুনছিলেন টেকনাফের বাসিন্দারা। গুলিবিদ্ধ এক নারীসহ পাঁচ রোহিঙ্গা শাহপরীর দ্বীপ জেটিঘাটে ভিড়েছে। এদিকে, মিয়ানমারের মংডুতে সংঘর্ষ বেড়েছে। (ডয়চে ভেলে : ১১)

বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে মেডিক্যাল সেক্টরে মাফিয়া চক্র কাজ করে বলে মন্তব্য করেছেন হাইকোর্ট। আদালত বলেছেন এই মাফিয়াচক্র ওষুধসহ মেডিকেল উপকরণ সরবরাহে রি-এজেন্ট হিসেবে কাজ করে। (রে. টুডে : ১২)

গ্রামীণ টেলিকম, গ্রামীণ কল্যাণসহ সাতটি প্রতিষ্ঠানের মালিকানা ও নিয়ন্ত্রণকে কেন্দ্র করে নোবেলজয়ী ড. ইউনূস এবং তারই হাতে গড়ে ওঠা প্রতিষ্ঠান গ্রামীণ ব্যাংকের মধ্যে সম্প্রতি দ্বন্দ্ব দেখা দিয়েছে। ড. ইউনূস অভিযোগ করেছেন যে, প্রতিষ্ঠানগুলো জবরদখল করা হচ্ছে। (বিবিসি : ৩)

এই সময়ে বাংলাদেশের অন্তত চারটি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের কারণে অস্থিতিশীল পরিস্থিতি তৈরি হয়েছে। বাংলাদেশে একাধিক বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের কারণে অস্থিতিশীল পরিস্থিতি তৈরি হয়েছে। (ডয়চে ভেলে : ৯)

সশস্ত্র সংগঠন কুকি-চিন ফ্রন্ট কেএনএফ-এর হুমকির মুখে বান্দরবানের থানচি রুমা ও রোয়াংছড়ি উপজেলায় নিরাপত্তার কারণে সব ধরনের যান চলাচল বন্ধ রাখা হয়েছে। এতে দুর্ভোগে পড়েছেন সাধারণ যাত্রীসহ পর্যটকরা। (রে. টুডে : ১৩)

# বিবিসি

## ড. মুহাম্মদ ইউনূস এবং তারই হাতে গড়ে ওঠা প্রতিষ্ঠান গ্রামীণ ব্যাংকের মধ্যে দ্বন্দ্ব দেখা দিয়েছে

বাংলাদেশে গ্রামীণ টেলিকম, গ্রামীণ কল্যাণ-সহ সাতটি প্রতিষ্ঠানের মালিকানা ও নিয়ন্ত্রণকে কেন্দ্র করে নোবেলজয়ী অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস এবং তারই হাতে গড়ে ওঠা প্রতিষ্ঠান গ্রামীণ ব্যাংকের মধ্যে সম্প্রতি দ্বন্দ্ব দেখা দিয়েছে। অধ্যাপক ইউনূস অভিযোগ করেছেন যে, প্রতিষ্ঠানগুলো জবরদখল করা হচ্ছে। অন্যদিকে, তাদের টাকাতেই ওইসব প্রতিষ্ঠান গড়ে তোলা হয়েছে দাবি করে গ্রামীণ ব্যাংক বলছে, 'আইন মেনেই প্রতিষ্ঠানগুলোর নিয়ন্ত্রণ নেওয়া হয়েছে।' ব্যাংকের চেয়ারম্যান বিবিসিকে জানিয়েছেন, এখন আইনজীবীদের সাথে পরামর্শ করে পরবর্তী পদক্ষেপ নেবে প্রতিষ্ঠানটি। তবে অধ্যাপক ইউনূসের আইনজীবী আব্দুল্লাহ আল মামুন দাবি করেছেন, 'অধ্যাপক ইউনূসের বিরুদ্ধে তোলা অভিযোগগুলো ভিত্তিহীন।' তাহলে কি শেষ পর্যন্ত অধ্যাপক ইউনূসকে প্রতিষ্ঠানগুলো থেকে সরে যেতে হবে? গ্রামীণ ব্যাংকের সাথে অধ্যাপক ইউনূসের দ্বন্দ্ব ঠিক কোনদিকে গড়াচ্ছে? যে সাতটি প্রতিষ্ঠান নিয়ে এ দ্বন্দ্ব, সেগুলো হচ্ছে, গ্রামীণ কল্যাণ, গ্রামীণ টেলিকম, গ্রামীণ ফান্ড, গ্রামীণ মৎস্য ফাউন্ডেশন, গ্রামীণ উদ্যোগ, গ্রামীণ সামগ্রী এবং গ্রামীণ শক্তি। এসব প্রতিষ্ঠানের জন্মলগ্ন থেকেই সেগুলোর চেয়ারম্যান পদে রয়েছেন অধ্যাপক মুহাম্মদ ইউনূস। সর্বশেষ ঘটনা প্রবাহের শুরু গত সপ্তাহে। গত বৃহস্পতিবার অধ্যাপক ইউনূস সংবাদ সম্মেলন করে তার প্রতিষ্ঠানে 'জবর দখলের' অভিযোগ করেন।

পাল্টা জবাব হিসেবে শনিবার গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান আরেকটি সংবাদ সম্মেলন করে দাবি করেছেন, 'অধ্যাপক ইউনূসের দাবি সঠিক নয়। এর আগে, সোমবার ১২ই ফেব্রুয়ারি গ্রামীণ ব্যাংকের কর্মকর্তা পরিচয়ে কয়েকজন ব্যক্তি মিরপুরে গ্রামীণ টেলিকম ভবনের ঢুকে পড়ে এবং তারা মূল ফটকে তালা লাগিয়ে দেয়। ঢাকার মিরপুর চিড়িয়াখানা রোডে অবস্থিত গ্রামীণ টেলিকম ভবনটিতে রয়েছে ১৬টি কোম্পানির কার্যালয়, যার সবকয়টির চেয়ারম্যান ড. মুহাম্মদ ইউনূস। ১৫ই ফেব্রুয়ারি দুপুরে এক সংবাদ সম্মেলনে অধ্যাপক ইউনূস অভিযোগ করেন, 'সোমবার ওই ব্যক্তিরা গ্রামীণ টেলিকম এবং গ্রামীণ কল্যাণসহ কয়েকটি প্রতিষ্ঠান দখল নেওয়ার চেষ্টা করেছে। পুলিশের কাছে এ নিয়ে প্রতিকার চেয়েও সহযোগিতা পাননি বলেও সংবাদ সম্মেলনে দাবি করেন তিনি। সংবাদ সম্মেলনে তিনি বলেন, 'আমরা একটা ভয়ংকর পরিস্থিতির মধ্যে পড়ে গেছি। আমরা একটা স্বপ্নের বীজতলা হিসেবে এই ভবন তৈরি করেছিলাম। কিন্তু ১২ই ফেব্রুয়ারি কিছু বাইরের লোক এসে এটা জবরদখল করে নিলো। আমরা তাদের কাছে বাইরের লোক হয়ে গেলাম।' নোবেল বিজয়ী অর্থনীতিবিদ আরো বলেন, আমরা পুলিশের সহায়তা চাইলাম। তারা প্রথমে জিডি গ্রহণই করল না। তারপর একবার এসে ঘুরে গেলো; কিন্তু কোন অসুবিধা দেখল না।' 'তারা আমাদের দরজায় এসে তালা দিয়ে যাচ্ছে, সকালবেলা এসে আবার খুলে দিচ্ছে। এইরকম জবরদখল আর দেখিনি। আইন-আদালত কোথায় গেল?' সংবাদ সম্মেলনে প্রশ্ন রাখেন অধ্যাপক মুহাম্মদ ইউনূস।

এদিকে অধ্যাপক ইউনূসের সংবাদ সম্মেলনের একদিন পর সংবাদ সম্মেলন করে গ্রামীণ ব্যাংক। সেখানে গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান এ কে এম সাইফুল মজিদ দাবি করেছেন, 'চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করলেও গ্রামীণ ব্যাংক-সহ বাকি প্রতিষ্ঠানগুলোতে ড. ইউনূসের কোনো মালিকানা বা অংশ নেই। 'সব প্রতিষ্ঠানই তৈরি করা হয়েছে গ্রামীণ ব্যাংকের টাকায়। এসব প্রতিষ্ঠান গ্রামীণ ব্যাংকের', শনিবার সাংবাদিকদের বলেন গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান মি. মজিদ। 'গ্রামীণ ব্যাংকের আইনি অধিকারগুলো ফিরিয়ে আনা হবে। এগুলো অধ্যাপক ইউনূসের প্রতিষ্ঠান নয়', বলেন তিনি। সম্প্রতি সাতটি প্রতিষ্ঠানের সবগুলোতেই আইন মতো চিঠি পাঠানো হয়েছে বলেও জানিয়েছেন ব্যাংকটির কর্মকর্তারা। ইতিমধ্যে অধ্যাপক ইউনূসের পরিবর্তে তিনটি প্রতিষ্ঠানে চেয়ারম্যান পদে মনোনীত করা হয়েছে গ্রামীণ ব্যাংকের বর্তমান চেয়ারম্যান এ কে এম সাইফুল মজিদকে।

এদিকে, ড. ইউনূসের আইনজীবী আব্দুল্লাহ আল মামুন বিবিসি বাংলাকে বলছেন, 'গ্রামীণ ব্যাংকের এসব দাবি সত্য নয়। 'এই কোম্পানিগুলো করতে কোন টাকা লাগে নাই, গ্যারান্টির ভিত্তিতে গড়ে উঠেছে। কাজেই এসব দাবি সম্পূর্ণ মিথ্যা', বলেন তিনি। অন্যদিকে, মালিকানা প্রশ্নে আইনি অধিকার ফিরিয়ে আনতে ইতিমধ্যেই কার্যক্রম শুরু করা হয়েছে বলে জানিয়েছে গ্রামীণ ব্যাংক। অধ্যাপক মুহাম্মদ ইউনূসের হাত ধরেই ১৯৮৩ সালে গ্রামীণ ব্যাংক প্রতিষ্ঠিত হয়েছিল। দারিদ্র্য বিমোচনের মাধ্যমে শান্তি প্রতিষ্ঠায় অবদান রাখায় ২০০৬ সালে গ্রামীণ ব্যাংক এবং ড. ইউনূস নোবেল পুরস্কারও পান। পরে বয়সসীমা অতিক্রমকে কেন্দ্র করে ২০১১ সালে ড. ইউনূসকে গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের পদ থেকে অপসারণ করা হয়। গ্রামীণ ব্যাংকটির চেয়ারম্যান এ কে এম সাইফুল মজিদ শনিবার সংবাদ সম্মেলনে বলেছেন, 'ওই ভবনের সবগুলো প্রতিষ্ঠানই তাদের প্রতিষ্ঠানের টাকায় গড়ে তোলা হয়েছে। তিনি দাবি করেন, 'গ্রামীণ কল্যাণ প্রতিষ্ঠা করতে গিয়ে ড. ইউনূস গ্রামীণ ব্যাংক থেকে ৪৪৭ কোটি টাকা নিয়েছেন। একইভাবে, গ্রামীণ টেলিকম প্রতিষ্ঠা করতে গিয়েও ড. ইউনূস গ্রামীণ ব্যাংক থেকে ২৪ কোটি টাকা অনুদান নিয়েছেন বলেও জানান। কিন্তু গ্রামীণ টেলিকম এ পর্যন্ত গ্রামীণ ব্যাংককে সুদ ও লভ্যাংশ বাবদ কোনো টাকা ফেরৎ দেননি।' এছাড়া নিরীক্ষা করতে গিয়ে আর্থিক হিসাবের অনেক কাগজ পাওয়া যায়নি বলে সংবাদ সম্মেলনে দাবি করেন গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান এ কে এম সাইফুল মজিদ। 'গ্রামীণ কল্যাণ, গ্রামীণ টেলিকম এসব প্রতিষ্ঠান নব্বইয়ের দশকে প্রতিষ্ঠিত

হয়েছিল। কিন্তু এসব প্রতিষ্ঠানের অনেক আর্থিক তথ্য খুঁজে পাওয়া যাচ্ছে না। অনেক তথ্য সরিয়ে ফেলা হয়েছে। তথ্য ধ্বংস করে ফেলা হয়েছে', বলেন তিনি।

এ অবস্থায় আইন মেনেই গ্রামীণ টেলিকম ভবনের সাতটি প্রতিষ্ঠানের নিয়ন্ত্রণ নেওয়া হয়েছে বলে দাবি করেছেন মি. মজিদ। গ্রামীণ ব্যাংক থেকে কয়েকশ কোটি টাকা নিয়ে প্রতিষ্ঠান গড়ে তোলার যে অভিযোগ করা হচ্ছে, সেটি ভিত্তিহীন বলে দাবি করেছেন অধ্যাপক ইউনূসের আইনজীবী আব্দুল্লাহ আল মামুন। মি. মামুন বিষয়টিকে ব্যাখ্যা করছেন এভাবে, 'গ্রামীণ ব্যাংক-সহ ওই প্রতিষ্ঠানগুলো করা হয়েছে কোম্পানি আইনের ২৮ নম্বর ধারা অনুযায়ী। বাংলাদেশের ১৯৯৪ সালের কোম্পানি আইনের এই ধারা অনুযায়ী বড় অঙ্কের অর্থ ব্যয় না করেই কেবল গ্যারান্টি দিয়ে যেকোন দাতব্য ও অলাভজনক কোম্পানি প্রতিষ্ঠা করা যায়। এক্ষেত্রে শর্ত থাকে যে, কোম্পানিটি সমাজ ও মানুষের কল্যাণে কাজ করবে এবং যাদের টাকায় কাজগুলো হবে, তারা কোনও মুনাফা নিতে পারবেন না।' 'কাজেই ড. ইউনূস-সহ অন্যান্য যারা এই কোম্পানি করেছেন, তাদের কোনও টাকা দেয়া লাগে নাই, শুধু গ্যারান্টি দিয়েই হয়ে গেছে', বিবিসি বাংলাকে বলেন মি. মামুন। 'তাহলে তারা টাকা দিলেন কোথায়?' তিনি প্রশ্ন করেন। মি. মামুন দাবি করেছেন যে, 'গ্রামীণ ব্যাংকের টাকায় নয়, বরং বিদেশি অনুদান এবং সদস্যদের নিজেদের টাকাতেই সাতটি কোম্পানি গড়ে তোলা হয়েছে।' তারা নিজেরা টাকা দিয়েছেন এবং সামাজিক ব্যবসার নীতি অনুযায়ী, তারা কোনও লাভ নেন না। পাশাপাশি বাইরের সাহায্য-সহযোগিতায় এই প্রতিষ্ঠানগুলো গড়ে উঠেছে', বলেন মি. মামুন।

ড. ইউনূসের প্রতিষ্ঠিত সামাজিক ব্যবসার গ্রামীণ প্রতিষ্ঠানগুলো কোম্পানি আইন- ১৯৯৪ এর অধীনে নিবন্ধিত প্রাইভেট লিমিটেড কোম্পানি। প্রতিষ্ঠাকালে এসব প্রতিষ্ঠানের আর্টিকেল অব এসোসিয়েশনের একটা বিধান রাখা হয়েছিল যাতে গ্রামীণ ব্যাংকের প্রতিনিধিত্ব রাখা যায়। সে বিধানে বলা হয়েছিলো, গ্রামীণ ব্যাংক, গ্রামীণ টেলিকম ও গ্রামীণ কল্যাণে দুই বা তিনজন পরিচালক এবং চেয়ারম্যান পদে একজনের মনোনয়ন দিতে পারে। এই বিধানের আওতায় গ্রামীণ ব্যাংক ১৯৯৫ সালে গ্রামীণ টেলিকম এবং ১৯৯৬ সালে গ্রামীণ কল্যাণে প্রথম চেয়ারম্যান হিসেবে ড. মুহাম্মদ ইউনূসকে মনোনয়ন দেয়। গত ২৭ বছরে চেয়ারম্যান পদে নতুন আর কাউকে মনোনয়ন দেয়নি গ্রামীণ ব্যাংক। তবে সম্প্রতি তিনটি প্রতিষ্ঠানে চেয়ারম্যান ও পরিচালক পদে নতুন ব্যক্তিকে মনোনয়ন দেওয়া হয়েছে। গত ১৫ই ফেব্রুয়ারির সংবাদ সম্মেলনে ড. ইউনূস বলেছিলেন, 'গ্রামীণ ব্যাংকের পদক্ষেপের বিরুদ্ধে প্রয়োজনে আদালতে যাবেন তারা।' এ বিষয়ে কোনও অগ্রগতি আছে কি না জানতে চাইলে ড. ইউনূসের এই আইনজীবী বলেন, 'যারা মালিকানা দাবি করছেন, দখল পেতে হলে তাদেরকে আদালতের রায়ের মাধ্যমে পেতে হবে।' 'আদালতে সেটি প্রমাণ করা তাদের দায়িত্ব', বিবিসি বাংলাকে বলেন মি. মামুন।

ড. ইউনূসের আইনজীবীর অভিযোগের বিষয়ে প্রতিক্রিয়া জানতে বিবিসি বাংলা যোগাযোগ করে গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান মি. মজিদের সাথে। 'আমাদের যা বলার ছিল, সেটি আমরা ইতিমধ্যেই সংবাদ সম্মেলনে বলেছি', বিবিসি বাংলাকে বলেন মি. মজিদ। এছাড়া আইনগত বিষয়গুলো নিয়ে আইনজীবীর সাথে পরামর্শ করার পর পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে বলেও জানিয়েছেন তিনি।

গ্রামীণ ব্যাংক যেভাবে ড. ইউনূসের প্রতিষ্ঠানগুলো মালিকানা ও নিয়ন্ত্রণ দাবি করছে, সে বিষয়ে বাংলাদেশের প্রচলিত আইন কী বলছে? কোম্পানি আইন বিশেষজ্ঞ আইনজীবী আহসানুল করিম বিবিসি বাংলাকে বলেছেন, 'প্রতিষ্ঠানগুলো যদি সত্যিই কোম্পানি আইনের ২৮ নম্বর ধারা অনুযায়ী প্রতিষ্ঠিত হয়ে থাকে, তাহলে আইনগতভাবে গ্রামীণ ব্যাংক খুব একটা সুবিধা করতে পারবে না।' তিনি আরো বলেন, 'এ ধরনের প্রতিষ্ঠান যদি অন্যকোনও প্রতিষ্ঠানের টাকা দিয়ে করা হয়েও থাকে তাহলে সেটার জন্য দায়ী থাকবেন যিনি টাকাটা নিয়েছেন তিনি।' ''কাজেই অভিযোগকারী প্রতিষ্ঠান চাইলে ব্যক্তির বিরুদ্ধে হয়তো আইনগত ব্যবস্থা নিতে পারেন। কিন্তু কোম্পানির মালিকানা বা দখল দাবি করতে পারেন না। আইন সেটি সমর্থন করে না', বলেন মি. করিম। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## মাথায় বলের আঘাত, হাসপাতালে নিবিড় পর্যবেক্ষণে ক্রিকেটার মুস্তাফিজ

বাংলাদেশ প্রিমিয়ার লীগ, বিপিএলের নেট অনুশীলনের সময় মাথায় আঘাত পেয়ে চট্টগ্রামের একটি হাসপাতালে নিবিড় পর্যবেক্ষণে রয়েছে বাংলাদেশের জাতীয় দলের পেসার মুস্তাফিজুর রহমান। তবে সিটি স্ক্যানের রিপোর্ট দেখে চিকিৎসকরা জানিয়েছে, 'এখনো খুব একটা শঙ্কা তারা দেখছেন না। তবে এসব আঘাতে পরিস্থিতি খারাপ হতে সময় লাগে না।'

মুস্তাফিজুর রহমান এবারের বাংলাদেশের প্রিমিয়ার লীগে খেলছেন কুমিল্লা ভিক্টোরিয়ান্সের হয়ে। কুমিল্লা ভিক্টোরিয়ান্সের ফিজিও এসএম জাহিদুল ইসলাম সজল জানিয়েছেন, প্রাকটিসের সময় একটি বল এসে মাথায় আঘাত করার পর মোস্তাফিজের মাথা থেকে রক্ত ঝরতে থাকে। তাৎক্ষণিকভাবে রক্ত পড়া থামাতে ব্যান্ডেজ দেওয়া হয়।' রোববার চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে খেলার নেট প্রাকটিসের সময় আঘাতপ্রাপ্ত হন তিনি।

তবে হাসপাতালে ভর্তি করানো হলেও মোস্তাফিজকে নিয়ে স্বস্তির খবর দিয়েছে বাংলাদেশ প্রিমিয়ার লীগ, বিপিএলে মুস্তাফিজের দল কুমিল্লা ভিক্টোরিয়ান্স। ঐ দুর্ঘটনার পর গণমাধ্যমের কাছে একটি বার্তা পাঠান দলের ফিজিও এসএম জাহিদুল ইসলাম। সেখানে তিনি জানিয়েছেন, 'ইম্পেরিয়াল হাসপাতালে নিয়ে করা হয় সিটি স্ক্যান। সিটি স্ক্যান রিপোর্টে কোনো অভ্যন্তরীণ রক্তক্ষরণ পাওয়া যায়নি। মূলত মাথায় আঘাতের ক্ষেত্রে অভ্যন্তরীণ রক্তক্ষরণ হলেই থাকে

চিন্তা।' চট্টগ্রামের ইম্পেরিয়াল হাসপাতালের চিকিৎসক ডক্টর মঈনুদ্দীন এম ইলিয়াস বিকেলে সংবাদ সম্মেলনে জানিয়েছেন, 'ব্রেন ইনজুরির ক্ষেত্রে যে কোনো আঘাত ২৪ ঘণ্টার মধ্যে যে কোনো দিকে টার্ন করতে পারে। তাই এখনও নিবিড় পর্যবেক্ষণের রাখা হয়েছে মুস্তাফিজকে।'

রোববার সকাল থেকে চট্টগ্রামের জহুর আহমেদ চৌধুরী স্টেডিয়ামে অনুশীলন করছিল কুমিল্লা ভিক্টোরিয়ান্স। পাশাপাশি নেটে ব্যাট করছিলেন লিটন দাস ও ক্যারেবিয় ব্যাটসম্যান ম্যাথু ফর্ড। এই সময় মোস্তাফিজ ও নেট বোলাররা বল করছিলেন। বল শেষ করে মুস্তাফিজ আবার বোলিং শেষে ফেরত আসার সময় আরেকজন বোলারের বলে পাশের নেট থেকে ম্যাথু ফর্ডের শট এসে লাগে মোস্তাফিজের মাথার বাম পাশের পেছনের অংশে। এই সময় তার মাথা থেকে রক্ত পড়তে দেখা যায়। সামাজিক যোগাযোগ মাধ্যমে সে সময়ের একটি ভিডিও ছড়িয়ে পড়ে। এতে দেখা যায়, বল এসে তার মাথায় আঘাতের পর সঙ্গে সঙ্গে মাথায় হাত দিয়ে দাড়িয়ে পড়েন মুস্তাফিজ। তার কাছে দৌড়ে আসেন কুমিল্লার কোচ সালাহউদ্দিন আহমেদ। এসময় মুস্তাফিজের মাথা থেকে রক্ত ঝরতে দেখা যায়। মাঠে এই প্রাকটিস সেশনের খবর সংগ্রহ করছিলেন একটি বেসরকারি টেলিভিশনের স্পোর্টস রিপোর্টার ইকরাম হোসাইন। তিনি বিবিসি বাংলাকে বলেন, 'বলটি যখন মুস্তাফিজের মাথায় আঘাত করে তা বেশ জোরেই আঘাত করেছিল। তখনই সবাই ছুটে যায় তার কাছে। মাটিতে বসে পরে মুস্তাফিজ।'

গণমাধ্যমে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে দেখা যায়, মাথায় আঘাত পাওয়ার পর শুরুতে দলের ফিজিও দেন প্রাথমিক চিকিৎসা, মাথায় দেওয়া হয় আইস ব্যাগ। কিন্তু আইস ব্যাগ ও ব্যান্ডেজ দিয়ে তখন রক্ত বন্ধ করা যাচ্ছিল না। পরে দ্রুতই অ্যাম্বুলেন্স ডাকা হয়। সেই এ্যাম্বুলেন্স প্রবেশ করে মাঠের বাউন্ডারির কাছাকাছি। মাঝ মাঠ থেকে স্ট্রেচারে করে দ্রুত বের করা হয় মুস্তাফিজকে। সেখান থেকে অ্যাম্বুলেন্সে করে সরাসারি নিয়ে যাওয়া হয় চট্টগ্রামের ইম্পেরিয়াল হাসতাপালে। এই ঘটনার পরপর অনেকটা বিমর্ষ দেখা যায় প্রাকটিস সেশনে থাকা কুমিল্লা ভিক্টোরিয়ান্সকে। গণমাধ্যমগুলো জানাচ্ছে, ঐ ঘটনার পর রোববার আর প্রাকটিস করেনি মুস্তাফিজের দল কুমিল্লা ভিক্টোরিয়ান্স। হাসপাতলে ভর্তির পর সিটি স্ক্যান করার পর কুমিল্লা ভিক্টোরিয়ান্সের পক্ষ থেকে জানানো হয়, সিটি স্ক্যান রিপোর্টে তার মাথায় কোনো অভ্যন্তরীণ রক্তক্ষরণ পাওয়া যায়নি। তবে মাথা ফেটে যাওয়ায় সেলাই দেওয়া হয়েছে সেখানে। যেহেতু মাথার আঘাত তাই আগামী কয়েক ঘণ্টা মুস্তাফিজকে নিবিড়ভাবে পর্যবেক্ষণের রাখার কথা জানিয়েছেন কুমিল্লা ভিক্টোরিয়ান্স। গণমাধ্যমের খবর বলছে, তার এই চোট আরো গুরুত্বর হলে তাকে পাঠানো হতে পারে রাজধানী ঢাকায়। ইম্পেরিয়াল হাসপাতালের চিকিৎসক ডা. মঈনুদ্দীন এম ইলিয়াস কথা বলেন গণমাধ্যমের সাথে। তিনি জানান, 'এটা একটা ইনজুরি। তার মাথায় পাঁচটা সেলাই লেগেছে। তাকে হাসপাতালে অবজাভেশনে রাখা হয়েছে। আমরা একটা নির্দিষ্ট সময় পর আবার সিটি স্কান করব। ব্রেনে কোনো রিপিটেড হ্যামারেজ আছে কী না সেটা দেখার জন্য।' প্রাথমিকভাবে আরো দুয়েক দিন রাখা হবে এই হাসপাতালে। সেখান থেকে পরিস্থিতি পর্যবেক্ষণ করে প্রয়োজনে আবারো সিটি স্ক্যান করানোর কথা জানান ঐ চিকিৎসক।

মি. ইলিয়াস বলেন, 'দুপুর থেকে মুস্তাফিজ অনেকটা স্বাভাবিকভাবেই কথা বলছেন। সবার সাথে মেশার জন্য ২৪ থেকে ৭২ ঘণ্টা পর্যন্ত সময় লাগতে পারে।' আসার পর তার কোনো অস্বাভাবিক কিছু দেখেননি ঐ চিকিৎসক। তিনি বলেন, 'ব্রেন ইনজুরির ক্ষেত্রে যেটি হয় ২৪ ঘণ্টার মধ্যে যে কোনো জায়গায় যে কোনো দিকে টার্ন করতে পারে। এটা বা থেকে ডানেও যেতে পারে। যেহেতু এটা ব্রেন।' তবে এখন পর্যন্ত সিটি স্ক্যান ও ক্লিনিক্যালি মুস্তাফিজের খারাপ কিছু দেখিনি বলেও জানান এই চিকিৎসক।

এবারের বিপিএলে মিরপুর সিলেট কিংবা চট্টগ্রামে সব জায়গায় একই মাঠ ভাগাভাগি করে প্রাকটিস করছে। আজ কুমিল্লা যখন একই মাঠে প্রাকটিস করছিল তার পাশেই প্রাকটিস করছিল রংপুর রাইডার্স। এর পাশে আউটার স্টেডিয়ামেও প্রাকটিস চলছিল অন্য একটি দলের। মাঠের মধ্যে অনেকটা সংকীর্ণ জায়গায় প্রাকটিস হওয়ার কারণে এমন হতে পারে বলা হচ্ছে গণমাধ্যমের খবরে। এবার বিপিএলে এখন পর্যন্ত ৯ ম্যাচ খেলেছেন বাঁহাতি পেসার মুস্তাফিজ। ওভার প্রতি ৯ দশমিক ৫৬ করে রান দিয়ে ৯ ম্যাচে মোস্তাফিজের শিকার ১১ উইকেট। মোস্তাফিজের বোলিং আক্রমণই এবার বিপিএল-এ কুমিল্লা ভিক্টোরিয়ান্সের বড় শক্তি। (বিবিসি ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

# ভয়েস অফ আমেরিকা

## বিরোধী দলকে নিষিদ্ধ করতে চায় আওয়ামী লীগ : মঈন খান

ক্ষমতাসীন আওয়ামী লীগ নিজেদের ক্ষমতা আরো পাকাপোক্ত করতে বিরোধী দলগুলোকে নিষিদ্ধ করতে চায়। এই অভিযোগ করেছেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির স্থায়ী কমিটির সদস্য ড. আবদুল মঈন খান। রবিবার (১৮ ফেব্রুয়ারি) বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের সমাধিস্থলে সাংবাদিকদের এ কথা বলেন তিনি। “আওয়ামী লীগ ক্ষমতা চিরস্থায়ী করার জন্য বিচার বিভাগ ও সংসদ, উভয়ের ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেছে। তারা এখন বিরোধী দলগুলোকে নিশ্চিহ্ন করতে চায়। এটাই আওয়ামী লীগের মানসিকতা;” বলেন মঈন খান। তিনি আরো বলেন, মূল কথা হলো, এই শাসকগোষ্ঠী গণতন্ত্রে বিশ্বাস করে না বলেই দেশের বিরোধী দলগুলোকে নিষিদ্ধ করতে চায়। আওয়ামী লীগের বিপরীতে, বিএনপি শুধু ক্ষমতায় না গিয়ে দেশের মানুষের জন্য রাজনীতি করে বলে দাবি করেন মঈন খান। “গত দেড় বছর ধরে আমরা যে আন্দোলন করছি, তা কেবল দেশে জনগণের সরকার প্রতিষ্ঠার জন্য। আমরা ক্ষমতার

লোভ করি না;” মঈন খান যোগ করেন। তিনি আরো বলেন, বিএনপির লক্ষ্য হচ্ছে ক্ষমতার পরিবর্তন আনা। যাতে দেশের মালিকানা জনগণের হাতে ফিরে আসে। জনগণের অর্থ লুটপাট, সম্পদ ও সম্পদ কুক্ষিগত করা এবং বিদেশে অভিজাত এলাকায় দ্বিতীয় বাড়ি গড়ে তোলার অধিকার বাংলাদেশের জনগণ কোনো রাজনৈতিক দলকে দেয়নি বলে উল্লেখ করেন তিনি। বলেন, “এর জন্য বাংলাদেশ স্বাধীন হয়নি।” দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন প্রসঙ্গে মঈন খান বলেন, নির্বাচনের আগে প্রতিটি আসনের জন্য সরকার আগে থেকেই বিজয়ী বাছাই করে ফলাফল পূর্বনির্ধারিত করে রেখে ছিল। এ কারণে দেশের মানুষ নির্বাচন বর্জন করেছে বলে উল্লেখ করেন তিনি। “সরকার জনগণের ভোটাধিকার কেড়ে নিয়ে ক্ষমতা দখল করেছে বলেই দেশে গণতন্ত্র নেই। এমনকি প্রধান প্রধান আন্তর্জাতিক সংবাদমাধ্যম ও ম্যাগাজিনগুলো বলছে, বাংলাদেশে দ্বিতীয় ধরনের বাকশাল প্রতিষ্ঠিত হয়েছে; মঈন খান বলেন। গত ২৮ অক্টোবর বিএনপির ‘শান্তিপূর্ণ’ সমাবেশে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের হামলা বিরোধী দলের ওপর সরকারের দমন-পীড়ন বলে উল্লেখ করেন ড. মঈন। “সেই দমন-পীড়নের মাধ্যমে সরকার আবার দেশের মানুষের ভোটাধিকার কেড়ে নিয়েছে। সুতরাং ৭ জানুয়ারির নির্বাচনের মাধ্যমে গঠিত সংসদ ও সরকার জনগণের প্রতিনিধিত্ব করে না;” দাবি করেন মঈন খান। আওয়ামী লীগ সরকার গণতন্ত্রকে মুছে ফেলে, ভোটের অধিকার কেড়ে নিয়ে, মুক্তিযুদ্ধের মূল চেতনা ভূলুণ্ঠিত করেছে বলে উল্লেখ করেন মঈন খান। এদিকে, বিএনপি নেতা মঈন খানের বক্তব্যের কঠোর সমালোচনা করেছেন আওয়ামী লীগ সভাপতিমণ্ডলীর সদস্য জাহাঙ্গীর কবির নানক। তিনি বলেন, “ড. মঈন খান তাদের অপরাধ আড়াল করতে চান। বিএনপির ব্যর্থতা আড়াল করতে চান। তারা এখনো যদি তাদের ধ্বংসের কারণ বুঝতে ব্যর্থ হন তবে তাদের ধ্বংস অনিবার্য।” রবিবার (১৮ ফেব্রুয়ারি) দুপুরে মোহাম্মদপুর শ্যামলী আইডিয়াল পলিটেকনিক ইনস্টিটিউটে আয়োজিত এক অনুষ্ঠানের শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা বলেন তিনি। নানক বলেন, বিএনপি কেন, কোনো রাজনৈতিক দলকে নিশ্চিহ্ন করার কথা ভাবে না বাংলাদেশ আওয়ামী লীগ। পলাতক ও দণ্ডপ্রাপ্ত বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান লন্ডনে বসে দলটিকে ধ্বংস করতে চায় বলে মন্তব্য করেন জাহাঙ্গীর কবির নানক। তিনি বিএনপি নেতাদের উদ্দেশে বলেন, “বিএনপির রাজনীতি টিকিয়ে রাখতে হলে আগে তারেক রহমানকে পরিত্যাগ করতে হবে।” “বিএনপি ধ্বংস করছে লন্ডনে বসে তারেক রহমান। আমি ড. মঈন খানসহ বিএনপি নেতাদের বলতে চাই, আসল তথ্য বের করুন, আসল রহস্য বের করুন;” যোগ করেন নানক। তিনি আরো বলেন, “জনসম্মুখে বলুন আর না বলুন। দলের অভ্যন্তরীণ সভায় আপনারা এসব বিষয় আলোচনা করুন। নতুবা তারেক রহমান আপনাদের দলকে নিশ্চিহ্ন করে দেবে।” সুস্থ ধারার রাজনীতিতে ফিরে আসার জন্য বিএনপিসহ সকল সরকার বিরোধী দলগুলোর প্রতি আহ্বান জানান জাহাঙ্গীর কবির নানক। “আমরা চাই বাংলাদেশে একটি শক্তিশালী বিরোধী দল থাকুক। সেক্ষেত্রে যারা শান্তি-শৃঙ্খলায় বিশ্বাস করে, গণতন্ত্রে বিশ্বাস করে, মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাস করে এ ধরনের শক্তিশালী বিরোধী দলকে আমরা অভিনন্দন জানাই;” নানক আরো বলেন।
(ভোয়া ওয়েব পেজ : ১৯.০২.২০২৪ এলিনা)

**বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়ন অপতথ্য রোধে একযোগে কাজ করবে, জানালেন আরাফাত**

বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়ন অপতথ্য ও মিথ্যা তথ্য রোধে, একযোগে কাজ করবে। এ কথা জানিয়েছেন বাংলাদেশের তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। রবিবার (১৮ ফেব্রুয়ারি) দুপুরে, সচিবালয়ে বাংলাদেশে নিযুক্ত ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলির সঙ্গে বৈঠক শেষে, সাংবাদিকদের এ কথা জানান তথ্য প্রতিমন্ত্রী। তিনি বলেন, বিশ্বজুড়ে অপতথ্য ও মিথ্যা তথ্য মানুষকে ডিজিটাল ঝুঁকির মধ্যে ফেলেছে। প্রযুক্তি ব্যবহার করে এসব অপতথ্য ও মিথ্যা তথ্য তৈরি ও প্রচার করা হচ্ছে। “আগামী কিছু দিনের মধ্যে মানুষকে যে বিষয়গুলো সবচেয়ে বেশি ঝুঁকির মধ্যে ফেলবে তার মধ্যে অপপ্রচার, মিথ্যা তথ্য ও অপতথ্য অন্যতম। এ ধারণাটা বিশ্বজুড়ে আছে;” বলেন মোহাম্মদ আলী আরাফাত। এ বিষয়ে বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়ন কীভাবে পারস্পারিক সহযোগিতা করতে পারে, তা নিয়ে রাষ্ট্রদূতের সঙ্গে কথা হয়েছে বলে জানান বাংলাদেশের তথ্য প্রতিমন্ত্রী। এবিষয়ে বাংলাদেশকে ইইউর সমর্থন, সহযোগিতা এবং অংশীদারিত্বের বিষয়ে ইইউ রাষ্ট্রদূতের সঙ্গে কথা হয়েছে বলে জানান তথ্য প্রতিমন্ত্রী।

ইইউ কী ধরনের সহযোগিতা করবে, সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে আরাফাত জানান, সহযোগিতার মধ্যে থাকবে ধারণা বিনিময় ও প্রযুক্তিগত সহায়তা। গোটা বিশ্বজুড়ে বিভিন্ন যুদ্ধ-বিগ্রহের কারণে সাংবাদিকদের ঝুঁকি সম্পর্কে ইইউ রাষ্ট্রদূতের সঙ্গে কথা হয়েছে বলে উল্লেখ করেন প্রতিমন্ত্রী আরাফাত। তিনি জানান, ইইউ রাষ্ট্রদূত এ বিষয়ে ইউরোপে বিরাজমান বিভিন্ন ধরনের চ্যালেঞ্জের কথা তুলে ধরেছেন। বাংলাদেশে এবিষয়ে কোথায় আরো উন্নতি করা যায় এ বিষয়গুলো নিয়ে ইইউ রাষ্ট্রদূতের সঙ্গে আলাপ হয়েছে। প্রতিমন্ত্রী আরাফাত বলেন, “আমরা অবশ্যই অপতথ্য প্রতিরোধ করতে চাই। তবে, মত প্রকাশের অবাধ স্বাধীনতা ও গণমাধ্যমের অবারিত স্বাধীনতার জায়গা কোনোভাবেই সংকুচিত করে নয়। দুইটিই একসঙ্গে আমাদের করতে হবে।” তথ্য প্রতিমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ শেষে, ইইউ রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি জানান, তিনি প্রতিমন্ত্রীর সঙ্গে অপতথ্যের বিষয়ে বিশেষভাবে আলোচনা করেছেন। কারণ, সমস্যাটি বিশ্বজুড়ে সমাধান করা হচ্ছে এবং ইইউও এই বিষয়ে কাজ করছে।
(ভোয়া ওয়েব পেজ : ১৯.০২.২০২৪ এলিনা)

## গাজায় 'গণহত্যা' বন্ধে পদক্ষেপ নিতে বিশ্ব নেতাদের প্রতি আহবান জানালেন শেখ হাসিনা

ফিলিস্তিনের গাজা শহরে গণহত্যা বন্ধ করার জন্য পদক্ষেপ নিতে, বিশ্ব নেতাদের প্রতি আহবান জানিয়েছেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শনিবার (১৭ই ফেব্রুয়ারি) মিউনিখ নিরাপত্তা সম্মেলনের ফাঁকে, তুরস্কের রাষ্ট্র পরিচালিত সংবাদ সংস্থা আনাদোলুকে দেয়া এক সাক্ষাৎকারে এ আহবান জানান শেখ হাসিনা। "বাংলাদেশ সব সময় গণহত্যার বিরুদ্ধে দাঁড়িয়েছে। আমি মনে করি গাজায় যা ঘটছে, তা গণহত্যা। সুতরাং, আমরা কখনই এটি সমর্থন করি না;" বলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। শেখ হাসিনা বলেন, ফিলিস্তিনি জনগণের বাঁচার অধিকার রয়েছে এবং তাদের নিজস্ব রাষ্ট্র রয়েছে। গাজার জনগণের বাঁচার অধিকার রয়েছে। তাই, সকলের উচিত তাদের সহায়তা করা এবং এই আক্রমণ ও যুদ্ধ বন্ধ করার জন্য পদক্ষেপ নেয়া। নির্যাতিত ফিলিস্তিনি শিশু, নারী ও জনগণের প্রতি সমর্থন ও সাহায্যের হাত বাড়িয়ে দিতে বিশ্ব সম্প্রদায়ের প্রতি আহবান জানান শেখ হাসিনা। বাংলাদেশ ইতোমধ্যে তাদের জন্য কিছু সহায়তা পাঠিয়েছে বলেও জানান তিনি। গাজার দক্ষিণাঞ্চলীয় শহর রাফাহয় ইসরাইলের পরিকল্পিত অভিযানের বিষয়ে এক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, বাংলাদেশ কখনই এ ধরনের আক্রমণ সমর্থন করে না। "ফিলিস্তিনি জনগণের নিজস্ব রাষ্ট্রে থাকার অধিকার পাওয়া উচিত, এটা পরিষ্কার;" শেখ হাসিনা যোগ করেন। তিনি বলেন যে ১৯৬৭ সালের জাতিসংঘ প্রস্তাবে দুই-রাষ্ট্র (টু-স্টেট) তত্ত্ব রয়েছে। "জাতিসংঘের এই প্রস্তাব বাস্তবায়ন করতে হবে;" উল্লেখ করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ এলিনা)

## ভূ-রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতার প্রভাব পড়ছে শান্তিরক্ষা কার্যক্রমে : পররাষ্ট্র সচিব

বাংলাদেশের পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন বলেছেন, বিবদমান পক্ষগুলো ভূ-রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতার সুযোগ নিচ্ছে; সংকটকে দীর্ঘায়িত করছে। শান্তিরক্ষা কার্যক্রম এর মারাত্মক বিরূপ প্রভাব পড়ছে বলে উল্লেখ করেন তিনি। শুক্রবার (১৬ ফেব্রয়ারি) মিউনিখ নিরাপত্তা সম্মেলনে শান্তিরক্ষা কার্যক্রম বিষয়ক এক অধিবেশনে নির্ধারিত বক্তা ছিলেন বাংলাদেশের পররাষ্ট্র সচিব। এক প্রশ্নের জবাবে পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন বলেন, গাজায় নিরস্ত্র বেসামরিক মানুষ, বিশেষ করে নারী ও শিশুদের ওপর ইসরাইলি নৃশংসতার বিষয়ে যে দ্বৈত নীতি অবলম্বন করা হয়েছে তা দুর্ভাগ্যজনক। মাসুদ বিন মোমেন শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশ সেনা সদস্যদের প্রতিশ্রুতি ও অব্যাহত অবদানসহ স্থানীয় জনগোষ্ঠীর হৃদয় ও মন জয় করার বিষয় তুলে ধরেন তার আলোচনায়। সেন্টার ফর ইন্টারন্যাশনাল পিস অপারেশন এর নির্বাহী পরিচালক অ্যাস্ট্রিড ইরগাংয়ের সঞ্চালনায় বক্তব্য রাখেন নরওয়ের আন্তর্জাতিক উন্নয়ন বিষয়ক মন্ত্রী, পর্তুগালের জাতীয় প্রতিরক্ষা মন্ত্রী। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধি দলের সদস্য হিসেবে মিউনিখ নিরাপত্তা সম্মেলনে অংশ নিয়েছেন পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন।
(ভোয়া ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ এলিনা)

## মিয়ানমার থেকে বাংলাদেশে প্রবেশ করেছে গুলিবিদ্ধ নারীসহ ৫ রোহিঙ্গা

মিয়ানমারে চলমান অভ্যন্তরীণ সংঘাতের মধ্যে, বাংলাদেশের কক্সবাজার জেলার টেকনাফের শাহপরীর দ্বীপ জেটিঘাট দিয়ে গুলিবিদ্ধ নারীসহ ৫ জন রোহিঙ্গা অনুপ্রবেশ করেছেন। শনিবার (১৭ ফেব্রুয়ারি) বিকাল ৪টার দিকে মিয়ানমারের একটি ছোট মাছ ধরার ডিঙি নৌকা দিয়ে নাফ নদী পাড় হয়ে টেকনাফের শাহপরীর দ্বীপ জেটিঘাটে আসেন তারা। টেকনাফ উপজেলার সাবরাং ইউনিয়নের শাহপরীর দ্বীপ ৯ নম্বর ওর্য়াডের ইউনিয়ন পরিষদ (ইউপি) সদস্য আব্দুস সালাম জানান, "নাফ নদী পাড়ি দিয়ে শনিবার বিকালে একটি ডিঙি নৌকা দিয়ে মিয়ানমার থেকে ৫ রোহিঙ্গা এসে আমাদের জেটিঘাটে পৌঁছায়।" পরে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) সদস্যদের খবর দিলে, তারা ঘটনাস্থলে পৌঁছে বলে জানান ইউপি সদস্য আব্দুস সালাম। তবে, এ বিষয়ে টেকনাফ বিজিবির পক্ষ থেকে কোনো বক্তব্য পাওয়া যায়নি। এদিকে, কক্সবাজারের উখিয়ায় ছুরিকাঘাতে নিহত হয়েছেন এক রোহিঙ্গা নাগরিক। শনিবার (১৭ ফেব্রুয়ারি) রাতে উখিয়ার জামতলী রোহিঙ্গা ক্যাম্পে এই ঘটনা ঘটে। নিহত বাদশা মিয়া (৩৮) উখিয়ার জামতলী রোহিঙ্গা ক্যাম্পের বাসিন্দা সিরাজুল মিয়ার ছেলে। এ তথ্য নিশ্চিত করেছেন উখিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শামীম হোসেন। তিনি জানান, অজ্ঞাতনামা ৪ থেকে ৫ জন বাদশা মিয়াকে ঘর থেকে ডেকে নিয়ে প্রথমে মারধর করে। পরে তাকে ছুরিকাঘাত করে পালিয়ে যায়। "বাদশাকে উদ্ধার করে এমএসএফ হাসপাতালে নিয়ে যাওয়ার পর, চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন;" জানান ভারপ্রাপ্ত কর্মকর্তা শামীম হোসেন। তিনি আরো জানান, মরদেহ ময়নাতদন্তের জন্য কক্সবাজার সদর হাসপাতালে পাঠানো হয়েছে। "তবে কী কারণে হত্যা করা হয়েছে তা জানা যায়নি;" বলেন শামীম হোসেন। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ এলিনা)

## বাংলাদেশের পার্বত্য অঞ্চলে দরিদ্রদের সহায়তা করবে ইইউ : চার্লস হোয়াইটলি

বাংলাদেশের পার্বত্য জেলার অতি দরিদ্র মানুষদের সহায়তায় নেয়া প্রকল্পে সহযোগিতা করবে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)। এ কথা জানিয়েছেন ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি। রবিবার (১৮ ফেব্রুয়ারি) বাংলাদেশের পার্বত্য চট্টগ্রামবিষয়ক প্রতিমন্ত্রী কুজেন্দ্র লাল ত্রিপুরার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি। এ সময় তিনি এ কথা জানান। রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলি জানান; উন্নয়ন সহায়তাকারী ইউরোপীয় ইউনিয়ন, মানুষের জন্য ফাউন্ডেশন ও ইউএনডিপি পার্বত্য চট্টগ্রামে রাঙ্গামাটির তিন উপজেলায়,

বান্দরবানের তিন উপজেলায় ও খাগড়াছড়ির দুই উপজেলায় এই প্রকল্প বাস্তবায়ন করবে। প্রকল্পের আওয়াতায় রয়েছে, ২৬টি ইউনিয়নের ২০ হাজার অতি দরিদ্র পরিবারের ৯৮ হাজার মানুষ। চার্লস হোয়াইটলির নেতৃত্বাধীন প্রতিনিধি দল এসব মানুষের দারিদ্র্য বিমোচনে সহযোগিতার ক্ষেত্রসমূহ বৃদ্ধিসহ কার্যকরী পদক্ষেপ নেবে বলে প্রতিমন্ত্রীকে আশ্বস্ত করেন। প্রকল্পের মূল উদ্দেশ্য হলো; তিন পার্বত্য জেলায় অতি দরিদ্র পরিবারের দারিদ্র্য হ্রাস ও জলবায়ু সহনশীল জীবিকা উন্নয়নে সহায়তা প্রদান। প্রকল্পের অন্তর্ভুক্ত রয়েছে, কমিউনিটি পরিচালিত মার্কেট কালেকশন পয়েন্ট শক্তিশালী করা। এছাড়া, প্রত্যন্ত অঞ্চলে স্যাটেলাইট ক্লিনিক/স্বাস্থ্য ক্যাম্প পরিচালনা, শিশুদের বৃদ্ধি পর্যবেক্ষণের জন্য পারিবারিক পরিদর্শন, মাঝারি ও তীব্রভাবে অপুষ্টির শিকার শিশুদের জন্য খাদ্য প্যাকেজ রয়েছে এই প্রকল্পে। প্রতিমন্ত্রী কুজেন্দ্র লাল ত্রিপুরা তাদের উদ্যোগকে স্বাগত জানান। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা তার উন্নয়ন পরিকল্পনায়, জলবায়ু পরিবর্তনের প্রভাব সহনশীল পর্যায়ে নিয়ন্ত্রণ এবং দারিদ্র্য বিমোচনকে অধিকতর গুরুত্বের সঙ্গে বিবেচনা করেছেন। কুজেন্দ্র লাল ত্রিপুরা বলেন, সরকার দেশি-বিদেশি সাহায্যকারী সংস্থাগুলোর পক্ষ থেকে এ ধরনের কল্যাণকর উদ্যোগকে স্বাগত জানায়। তিনি সবাইকে আন্তরিকতার সঙ্গে কাজ করার আহবান জানান। এদিকে, শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরীর সঙ্গে রবিবার ১৮ ফেব্রুয়ারি সৌজন্য সাক্ষাৎ করে চার্লস হোয়াটলির নেতৃত্বাধীন একটি প্রতিনিধি দল। এ সময় রাষ্ট্রদূত চার্লস হোয়াটলি জানান, বাংলাদেশের নারীদের ইউরোপীয় ইউনিয়নভুক্ত বিভিন্ন দেশের ভাষা শিক্ষা এবং বিভিন্ন দক্ষতা বাড়ানোর ক্ষেত্রে সহায়তা করে ইইউ। সাধারণ শিক্ষার সঙ্গে, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার উন্নয়নে অতীতের মতো ভবিষ্যতেও বাংলাদেশের সঙ্গে কাজ করার আগ্রহ প্রকাশ করে চার্লস হোয়াটলির নেতৃত্বাধীন প্রতিনিধি দল। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### রমজানের আগেই ভারত থেকে আসছে দেড় লাখ টন পেঁয়াজ-চিনি, জানালেন বাণিজ্য প্রতিমন্ত্রী

আসন্ন রমজানের আগেই ভারত থেকে দেড় লাখ টন চিনি ও পেঁয়াজ আমদানি করা হবে বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম। রোববার দুপুরে সচিবালয়ে নিজ দপ্তরে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। প্রতিমন্ত্রী বলেন, ভারত থেকে পেঁয়াজ ও চিনি আসবে। ভারত সফরে গিয়ে পররাষ্ট্রমন্ত্রী এ বিষয়ে আশ্বস্ত হয়েছেন। তবে কীভাবে, কত তারিখ থেকে আমদানি করব, সেটা অনুমোদন পেলেই বাকি তথ্য জানানো সম্ভব। ভারতের বাইরে বিকল্প উৎস থেকেও চেষ্টা করা হচ্ছে বলে জানিয়ে বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন। আর একই উৎস না, বিকল্প উৎস থেকেও চেষ্টা করা হচ্ছে। ভারতের আশপাশের দেশগুলো থেকেও চেষ্টা করা হচ্ছে। নেপাল থেকে ডাল আসে। মিয়ানমারে সীমান্ত পরিস্থিতি ভালো না হলেও সেখান থেকে নিত্যপ্রয়োজনীয় পণ্য আনার প্রক্রিয়া চলছে। মন্ত্রী বলেন, আমদানিকারক ও মিল মালিকরা ঠিকমতো সরবরাহ করলে খাতুনগঞ্জ থেকে সম্পূর্ণ সহায়তা পাওয়া যাবে (স্বকণ্ঠে) : ডিমের দাম ১২ টাকার বেশি কোথাও হলে আমাদেরকে জানাবেন; আমরা ব্যবস্থা নিব। ডিম উৎপাদনকারী যারা আছে তারা আমাদেরকে বলেছে, এই রমজান পর্যন্ত ১২ টাকার উপরে যাওয়ার কোন সুযোগ নাই। বাসের যেমন ভাড়া নির্ধারণ করা আছে। প্রয়োজনে নিত্য প্রয়োজনীয় জিনিস পরিবহনের জন্য একটা নির্ধারিত ট্যরিফ আমরা বিভিন্ন জেলা থেকে ঠিক করে দিব যদি প্রয়োজন হয়। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৮.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

### পদ্মা হয়ে ট্রেন ছুটবে যশোরে; পাল্টে যাবে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের দৃশ্যপট

বাংলাদেশে এবার পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পের মাধ্যমে, যশোর থেকে ঢাকা যাবে ট্রেন। এই রুটে ট্রেন চলাচল শুরু হলে রেলপথে যশোর থেকে ঢাকার দূরত্ব কমবে ১৯৩ কিলোমিটার।

এবার রেলপথ নেটওয়ার্কে যুক্ত হচ্ছে, দেশের দক্ষিণ এবং দক্ষিণ-পশ্চিমাঞ্চল। পদ্মা সেতু রেলসংযোগ প্রকল্পের মাধ্যমে, যশোর থেকে ঢাকা যাবে ট্রেন। চলছে শেষ মুহূর্তের কাজ। জুনে রেল চলাচলের কথা থাকলেও তার আগেই শুরু হচ্ছে ঢাকা টু যশোর রেল চলাচল। মার্চে ভাঙ্গা-যশোর অংশে ট্রায়াল রান হবে। তাই নির্ধারিত সময়ের আগেই ঢাকা-যশোর রুটে ট্রেন চলাচল শুরু হবে। পদ্মা সেতু হয়ে যশোর পর্যন্ত রেল চলাচল প্রকল্পের ঢাকা-ভাঙ্গা পর্যন্ত রেলপথটি, গত বছরের ১০ অক্টোবর উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পদ্মা সেতু অতিক্রম করে চালু হওয়া ঢাকা থেকে ভাঙ্গা রুটে নিয়মিত চলাচল করছে ট্রেন। আর যশোর পর্যন্ত নতুন রুট চালুর প্রস্তুতিও শেষ পর্যায়ে। এই রুটে ট্রেন চলাচল শুরু হলে রেলপথে যশোর থেকে ঢাকার দূরত্ব কমবে ১৯৩ কিলোমিটার। দক্ষিণ-পশ্চিমাঞ্চলের যাতায়াত ও বৈদেশিক বাণিজ্যের পাশাপাশি, আর্থসামাজিক উন্নয়নের ক্ষেত্রে এ রেলপথটি বিশেষ ভূমিকা রাখবে। ঢাকা থেকে পদ্মা সেতু হয়ে যশোর পর্যন্ত একশ' ৭২ কিলোমিটার ব্রডগেজ রেলপথ নির্মাণের জন্য, প্রধানমন্ত্রীর প্রতি কৃতজ্ঞতা জানিয়েছে যশোরবাসী। জনৈক ব্যক্তি (এক) (স্বকণ্ঠে) : একটা রেলস্টেশন জংশন তৈরি করা যার কারণে আমরা অনেকভাবে উপকৃত হলাম। জনৈক ব্যক্তি (দুই) (স্বকণ্ঠে) : ধন্যবাদ মাননীয় প্রধানমন্ত্রীকে। জনৈক ব্যক্তি (তিন) (স্বকণ্ঠে) : আমরা দিনের দিন শরীয়তপুর পদ্মাসেতু পার হয়ে জাজিরা দিয়ে খুলনা হয়ে দিনের দিন চলে আসতে পারব। শুধু দূরত্বই নয়, ট্রান্স এশিয়া রেলওয়ে নেটওয়ার্কে যুক্ত হওয়ার আরেক ধাপ এগিয়ে যাবে। দ্রুতগতির এই রেল নেটওয়ার্কে, বাংলাদেশ রেল বিশেষ উচ্চতায় আসীন হবে। পদ্মা সেতুর সুফল আরও ব্যাপকভাবে ছড়িয়ে পড়বে বলেও মনে করছেন তারা। জনৈক ব্যক্তি (এক) (স্বকণ্ঠে) : কেনাবেচা বাড়বে, আয় বাড়বে। এছাড়াও বিভিন্নভাবে সুবিধা পাব। জনৈক ব্যক্তি

(দুই) (স্বকণ্ঠে) : যত উন্নত হবে তত আমাদের জীবনমান উন্নয়ন হবে। পদ্মা সেতু রেল সংযোগ প্রকল্পটির সেফটি অফিসার মোঃ নাঈম কাজী জানান, মার্চেই ভাঙ্গা-যশোর ট্রায়াল রান শুরু হবে। জুনে নির্ধারিত থাকলেও এর আগেই নতুন রুটে ঢাকা থেকে যশোর পর্যন্ত ট্রেন চলাচল করবে(স্বকণ্ঠে) : খুব দ্রুতই কাজ হচ্ছে, কাজ চলতেছে। আগামী মাসেই সম্ভবত ট্রায়াল রান শুরু  হবে। আর কাজ হ্যান্ডওভার হবে এপ্রিল মাসে। প্রকল্পটি পুরোপুরি বাস্তবায়িত হলে, দেশের বৃহৎ স্থলবন্দর বেনাপোল, বাণিজ্যিক শহর নওয়াপাড়া ও শিল্পাঞ্চল খুলনাসহ দেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষের যাতায়াত, পণ্য পরিবহনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ফলে বদলে যাবে এ এলাকার আর্থ-সামাজিক চিত্রও।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৮.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

**স্বাধীনতার মূল আদর্শে আঘাত করেছে আওয়ামী লীগ : মঈন খান**

বাংলাদেশ আওয়ামী লীগ স্বাধীনতার মূল আদর্শে আঘাত করেছে বলে মন্তব্য করেছেন বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য ডক্টর আব্দুল মঈন খান। আজ জাতীয়তাবাদী তাঁতী দলের ৪৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে বিএনপি'র প্রতিষ্ঠাতা সাবেক প্রেসিডেন্ট জিয়াউর রহমানের কবরে পুষ্পস্তবক অর্পণ ও ফাতেহা পাঠ শেষে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে এ মন্তব্য করেন তিনি। মঈন খান বলেন, দেশের এই ক্রান্তিকালে আমরা আন্দোলনরত আছি। এই আন্দোলনটা হচ্ছে বাংলাদেশের গণতন্ত্র ফিরিয়ে আনতে হবে। বাংলাদেশ সৃষ্টি হয়েছিল মুক্তিযুদ্ধের মাধ্যমে। বিশ্বের ইতিহাসে অনন্য একটি নাম বাংলাদেশ। এদেশের স্বাধীনতার জন্য লক্ষ লক্ষ মানুষ বুকের তাজা রক্ত ঢেলে দিয়েছিলেন। আমরা এইজন্য যুদ্ধ করেছিলাম যে, বাংলাদেশ গণতন্ত্র থাকবে এবং এদেশের দরিদ্র মানুষের অর্থনীতির অধিকার নিশ্চিত হবে। ডক্টর মঈন বলেন, ৭ জানুয়ারির আগেই নির্ধারণ করে দেয়া হয়েছিল কে, কোন আসন থেকে জয়ী হবেন। এদেশে গণতন্ত্র নেই। এটা শুধু আমাদের কথা নয়, বিশ্বের বড় বড় ম্যাগাজিন ও প্রতিষ্ঠান বলছে, আজকে বাংলাদেশ বাকশাল দুই কায়েম করা হয়েছে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৮.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

**বিদেশি শিক্ষার্থীদের জন্য সহায়তা সম্প্রসারণ করবে জাপানের শিক্ষা মন্ত্রণালয়**

জাপানের শিক্ষা মন্ত্রণালয় বিদেশি শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয় শিক্ষার জন্য আর্থিক সহায়তার পরিধি সম্প্রসারণ করছে। জাপান শিক্ষার্থী পরিষেবা সংস্থার মাধ্যমে বৃত্তি, ঋণ এবং টিউশন ফি হ্রাস বা ছাড় প্রদান করে থাকে মন্ত্রণালয়। বর্তমানে জাপানি নাগরিক এবং স্থায়ী বা বিশেষ স্থায়ী বাসিন্দাদের মধ্যে এর যোগ্যতা সীমাবদ্ধ রয়েছে। মন্ত্রণালয় এখন "ডিপেন্ডেন্ট" বা 'নির্ভরশীল' ভিসা থাকা শিক্ষার্থীদের জন্য এই যোগ্যতা সম্প্রাসারণের সিদ্ধান্ত নিয়েছে, যা আগামী এপ্রিল মাস থেকে শুরু করে জাপানে বিদেশি কর্মীদের স্ত্রী এবং সন্তানদেরও আওতায় আনবে। ২০২২ সালে জাপানে "ডিপেন্ডেন্ট" ভিসায় বসবাসকারী লোকের সংখ্যা ছিল প্রায় ২ লক্ষ ২৮ হাজার, যা এক দশক আগের তুলনায় ১ লক্ষেরও বেশি। উদ্ভূত পরিস্থিতিতে, জাপানে উচ্চশিক্ষা গ্রহণ করতে ইচ্ছুক বিদেশি শিশুদের আরও সহায়তা দেয়ার জন্য সরকারের প্রতি সংশ্লিষ্টদের আহ্বান বৃদ্ধি পেয়েছে। মন্ত্রণালয়ের ভাষ্যানুযায়ী, যোগ্যদের অবশ্যই জাপানে প্রাথমিক থেকে উচ্চ বিদ্যালয়ের পাঠ শেষ করার পাশাপাশি বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক হওয়ার পরে জাপানেই কাজ করার ইচ্ছা থাকতে হবে। মন্ত্রণালয়ের অনুমিত হিসেব অনুযায়ী, প্রতি বছর প্রায় ২শ জন বিদেশি শিক্ষার্থী এই কর্মসূচির জন্য যোগ্য হবে। (এনএইচকে ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ এলিনা)

## ডয়েচে ভেলে

**আধিপত্যের লড়াইয়ে ছাত্রলীগ**

এই সময়ে বাংলাদেশের অন্তত চারটি বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের কারণে অস্থিতিশীল পরিস্থিতি তৈরি হয়েছে। বাংলাদেশে একাধিক বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের কারণে অস্থিতিশীল পরিস্থিতি তৈরি হয়েছে। বিশ্ববিদ্যালয়গুলোতে বিরোধী ছাত্র সংগঠনগুলোর তেমন সক্রিয় হওয়ার সুযোগ নেই। ফলে ছাত্রলীগই সবখানে দাপিয়ে বেড়াচ্ছে। নিজেদের মধ্যে সংঘাতে জড়াচ্ছে। ছাত্রলীগ এখন যৌন হয়রানিসহ চাঁদাবাজি, ছিনতাই , টেন্ডারবাজিসহ নানা অপকর্মে জড়িয়ে পড়ছে ক্যাম্পাসে। আর বিরোধী ছাত্র সংগঠন না থাকায় ছাত্রলীগ নানা গ্রুপ , উপ-গ্রুপে বিভক্ত হয়ে নিজেদের মধ্যে সংঘাত সংঘর্ষে জড়িয়ে পড়ছে। এর নেপথ্যে আধিপত্য, চাঁদাবাজি, হলের সিট ভাড়া, ভর্তি বাণিজ্য ও টেন্ডারবাজি বলে অভিযোগ।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের একটি হলে স্বামীকে আটকে রেখে স্ত্রীকে ধর্ষণের ঘটনার পর ওই বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নেতা-কর্মীদের আরো অনেক অপকর্মের তথ্য বেরিয়ে এসেছে। তার সেই কাহিনি র‍্যাব জানিয়েছে রীতিমত প্রেস ব্রিফিং করে।

গত ৯ ফেব্রুয়ারি র‍্যাব ব্রিফিং-এ জানিয়েছে ধর্ষণের ঘটনায় আটকদের জিজ্ঞাসাবাদ করে তারা যে তথ্য পেয়েছে তা অ্যালার্মিং। তারা আটক ছাত্রলীগ নেতা মামুনের বরাত দিয়ে জানায়, ধর্ষণের ঘটনায় তাদের আটক করা হয়েছে। তারা জানিয়েছে ওই ধরনের অপকর্ম জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে হরহামেশাই ঘটছে। অনেকেই তা ভয়ে প্রকাশ করছে না।'
এছাড়া, চাঁদাবাজি, ছিনতাই সেখানে নিয়মিত ঘটনা। যারা বাইরে থেকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে আসেন তারাই

প্রধান টার্গেট। ক্যাম্পাসে মাদক কেনাবেচা ও মাদকের ব্যবসা রীতিমতো প্রকাশ্যেই হয়। আছে বহিরাগতদের কাছে হলের সিট ভাড়া দেয়ার অভিযোগ।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে চায়ের দোকানে বসা নিয়ে ছাত্রলীগের তিন গ্রুপ বুধবার রাত থেকে শুক্রবার পর্যন্ত টানা তিনদিন সংঘর্ষে লিপ্ত হয় ক্যাম্পাসে। ছাত্রলীগের ক্যাডাদের দেশীয় অস্ত্র নিয়ে মহড়ার ছবিও ছাপা হয় পত্রিকায়। আর এই সংঘর্ষে পুলিশসহ ছাত্রলীগের বিভিন্ন গ্রুপের কমপক্ষে ৮০ জন আহত হয়েছেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে রবিবার বিশ্ববিদ্যালয় প্রশাসন পুলিশের সঙ্গে বৈঠক করেছে। সংঘর্ষ চলাকালে ছাত্রলীগের প্রায় ৩০০ নেতা-কর্মী রামদা, ইট-পাটকেল ও লাঠিসোটা নিয়ে এক পক্ষ আরেক পক্ষের ওপর চড়াও হয়। তাদের মধ্যে গত পাঁচ বছরে ১৬৩টি সংঘর্ষেও ঘটনা ঘটেছে।

আর বৃহস্পতিবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পূজার কনসার্টকে কেন্দ্র করে দুই নেতার অনুসারীদের মধ্যে কয়েক দফা সংঘর্ষ হয়েছে। এতে অন্তত ১৫ জন আহত হয়েছেন। একই কারণে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যেও সংঘর্ষ হয়েছে। ২০২২ সালের জানুয়ারি থেকে এ পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ে ৪৩টি চাঁদাবাজি, ছিনতাই, মারধর ও প্রতিপক্ষের ওপর হামলার ঘটনায় ছাত্রলীগের নাম এসেছে। হলের কক্ষ দখল, প্রভাব বিস্তার নিয়ে নিজেদের মধ্যেই কমপক্ষে ১৬ বার সংঘর্ষে জড়িয়েছে ছাত্রলীগ নেতা-কর্মীরা। দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন এলাকায় ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দল এখন চরমে। ফলে বিভিন্ন এলাকায় ছাত্রলীগের নানা গ্রুপের মধ্যে সংঘর্ষ লেগেই আছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাধারণ সম্পাদক তানভীর হাসান সৈকত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান এবং জেলা-উপজেলায় ছাত্রলীগের অভ্যন্তরীণ কোন্দলের কথা স্বীকার করেন। তিনি বলেন, 'এটা ক্ষমতা প্রদর্শন করতে গিয়ে হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ঘটনা অভ্যন্তরীণ কোন্দলের কারণেই হয়েছে।' তবে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে কোন্দল থাকার কথা অস্বীকার করেন। বলেন, 'ওটা সাময়িক উত্তেজনার ফল।' একইসঙ্গে বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগের বিরুদ্ধে চাঁদাবাজি, টেন্ডারবাজির অভিযোগ সঠিক নয়।" সংঘর্ষের ঘটনায় তাদের যারা জড়িত তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নিতে বিশ্ববিদ্যালয় প্রশাসনকে অনুরোধ করা হয়েছে বলে জানান তিনি।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগের এখন কোনো কমিটি নেই। তারপরও ছাত্রলীগে কেন নানা গ্রুপ ও সংঘাত? জানতে চাইলে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের সাবেক সহসভাপতি সাদাফ খান দাবি করেন,'কমিটি থাকলে এই পরিস্থিতি হতো না। এখন কোনো ঘটনা ঘটলে তা নিয়ন্ত্রণ করার কেউ নেই। কেউ কাউকে মানছে না। নানা গ্রুপ এখন কাজ করে। যে যার আধিপত্য বজায় রাখতে চায়।' তবে তিনিও চাঁদাবাজি, টেন্ডারবাজি, সিট বাণিজ্যের অভিযোগ অস্বীকার করেন। তিনি বলেন,'বিশ্ববিদ্যালয় প্রশাসনও এসব বন্ধে কোনো ব্যবস্থা নেয় না।'

বাংলাদেশ ছাত্র ইউনিয়নের কেন্দ্রীয় সভাপতি দীপক শীল বলেন, 'দেশের কোনো শিক্ষা প্রতিষ্ঠানেই এখন আর সরকারি ছাত্র সংগঠনের বাইরে বিরোধী ছাত্র সংগঠনের অবস্থান নেই। তাদের সরকারি ছাত্র সংগঠন ছাত্রলীগ নানাভাবে বিতাড়িত করেছে। ক্যাম্পাসগুলোতে কথা বলার স্বাধীনতা নেই। বিরোধী ছাত্র সংগঠনের সদস্যরা হলে থাকতে পারে না। ক্যাম্পাসে তাদের সংগঠনের কাজও করতে দেয়া হয় না। আর এখন তারা একচ্ছত্র আধিপত্য পাওয়ার পর তাদের নিজেদের মধ্যে আধিপত্যে ও লড়াই চলছে। তারা নানা গ্রুপে ভাগ হয়ে স্বার্থের দ্বন্দ্বে জড়িয়ে পড়েছে।' কী ধরনের স্বার্থ জানতে চাইলে তিনি বলেন, 'এখানে নানা ধরনের আর্থিক দুর্নীতির বিষয় আছে। টেন্ডারবাজি, চাঁদাবাজি, সিট বাণিজ্য, ভর্তি বাণিজ্যসহ আরো অনেক আর্থিক বিষয় আছে। ছাত্রলীগের যে গ্রুপ শক্তিশালী এগুলো তাদের নিয়ন্ত্রণে থাকে। ফলে এটা নিয়ে সংঘাত হয়।'

ডাকসুর সাবেক ভিপি মাহমুদুর রহমান মান্না বলেন, 'বিরোধী ছাত্র সংগঠনের উপস্থিতি থাকলে শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে একটা ব্যালেন্স থাকত। তখনও যে সংঘাত হতো না তা নয়। কিন্তু তাদের তো ছাত্রলীগ বিতাড়িত করেছে। তাই এখন নিজেদের মধ্যে সংঘাত হচ্ছে।' তার কথা,'ওই চারটি বিশ্ববিদ্যালয়ে সংঘাতের কী কারণ তা আমি অনুসন্ধান করিনি। তবে এধরনের সংঘাত আধিপত্য এবং আর্থিক স্বার্থের কারণেই হয়।' তিনি বলেন,'আওয়ামী লীগ এইসব ঘটনায় ছাত্রলীগের বিরুদ্ধে ব্যবস্থা নেবে না। কারণ তারা ছাত্রলীগের ওপরই টিকে আছে। ধর্ষণেরই বিচার হয় না। আর বিশ্ববিদ্যালয় প্রশাসন ব্যবস্থা নিতে গেলে তাদেরও চাকরি থাকবে না।'

ছাত্রলীগের কেন্দ্রীয় সভাপতি সাদ্দাম হোসেন বলেন, যে ঘটনাগুলো ঘটেছে তা অনভিপ্রেত ও অনাকাঙ্ক্ষিত। এগুলো আর যাতে না ঘটে তার চেষ্টা করছি আমরা। একটি ঘটনা ঘটার পর বহিস্কার বা সংগঠন থেকে বাদ দেয়া কোনো স্থায়ী সমাধান নয়। আমরা চাই ছাত্র রাজনীতিতে গুণগত পরিবর্তন আনতে। আর সেজন্য আমরা কর্মশালা ও ডায়ালগ শুরু করব।' চাঁদাবাজি, টেন্ডারবাজি প্রসঙ্গে তিনি বলেন, 'ছাত্র রাজনীতিতে তো নেতিবাচক উপাদান আছে। নেতৃত্বের যে আধুনিক ধারণা সেটা তো আমরা এখানো প্রতিষ্ঠিত করতে পারিনি। শিক্ষা প্রতিষ্ঠানকে নানাভাবে ব্যবহারের প্রবণতা আছে। সংগঠনের রাজনীতি শিক্ষা প্রতিষ্ঠানের ওপর চাপিয়ে দেয়ার যে প্রবণতা তা থেকে সার্বিকভাকে সরে গেলে পরিস্থিতির উন্নতি হবে।'

এ নিয়ে আওয়ামী লীগের কয়েকজন কেন্দ্রীয় নেতাকে প্রশ্ন করলে তারা মন্তব্য করা থেকে এড়িয়ে যান। তারা বলেন, 'আমরা ছাত্রলীগের বিষয়ে কিছু জানি না। যারা দায়িত্বে আছেন তাদের জিজ্ঞেস করুন।'

(ডয়েচে ভেলে ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## গুলিবিদ্ধ নারীসহ টেকনাফে রোহিঙ্গা নৌকা, মংডুতে সংঘর্ষ বাড়ছে

গত দুইদিন ধরেই নাফ নদীর ওপারে গোলাগুলির শব্দ শুনছিলেন টেকনাফের বাসিন্দারা। শনিবার গুলিবিদ্ধ এক নারীসহ পাঁচ রোহিঙ্গা শাহপরীর দ্বীপ জেটিঘাটে ভিড়েছে। এদিকে, মিয়ানমারের মংডুতে সংঘর্ষ বেড়েছে।

কক্সবাজারের টেকনাফের শাহপরীর দ্বীপের জেটিতে পাঁচ রোহিঙ্গাবাহী একটি নৌকা ভিড়েছে। ছোট্ট নৌকাটি বাংলাদেশের জলসীমায় প্রবেশ করলে বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী বিজিবির একটি টহল দল সেটিকে জেটিতে নিয়ে আসে। রোহিঙ্গাবাহী নৌকাটিকে জেটিতে দেখেছেন টেকনাফের সাংবাদিক আব্দুর রহমান। ডয়চে ভেলেকে তিনি বলেন, 'নৌকাটিতে গুলিবিদ্ধ একজন রোহিঙ্গা নারী ছিলেন। স্থানীয় সময় বিকেল চারটার দিকে সেটিকে ঘাটে নিয়ে আসা হয়। নৌকাটি মিয়ানমার থেকে যাত্রা শুরু করেছিল।' নৌকাটি নিয়ে আসার পর বিজিবি জেটি থেকে সাংবাদিকসহ সাধারণ মানুষকে সরিয়ে দেয় বলে জানিয়েছেন রহমান।

এদিকে বৃহস্পতিবার বিকেল থেকেই নাফ নদীর অন্যপাশে মিয়ানমারের মংডুতে গোলাগুলির শব্দ পাওয়ার কথা জানাচ্ছিলেন টেকনাফের সাধারণ মানুষ। কখনো কখনো গোলার শব্দের পাশাপাশি ঘরবাড়ি কেঁপে ওঠার কথাও জানিয়েছেন তারা। শাহপরীর দ্বীপে ঝালমুড়ি বিক্রি করা মোহাম্মদ সেলিম বলেন, 'গত পরশু সারাদিন শব্দ শুনেছি। আজকে আর গতকালকে থেমে থেমে শব্দ শুনছি। গুলির আওয়াজে আমার গাড়িটা কাঁপছে, মানুষ আতঙ্কে আসছে না।'

রোহিঙ্গাদের আন্তর্জাতিক সংগঠন ফ্রি রোহিঙ্গা কোয়ালিশনের সহ-প্রতিষ্ঠাতা নেই সান লুইন ডয়চে ভেলেকে জানান যে মংডুতে মিয়ানমারের জান্তা বাহিনীর সঙ্গে জাতিগত বিদ্রোহী গোষ্ঠী আরাকান আর্মির তীব্র লড়াইয়ের মধ্যে আটকা পড়েছেন রোহিঙ্গারা। তিনি বলেন, 'জান্তা বাহিনী লড়াইয়ে ক্রমশ হারছে। আর রোহিঙ্গারা জীবন বাঁচাতে ছোটাছুটি করছে। অন্যদিকে আরাকান আর্মি পুরো অঞ্চল দখলের চেষ্টা চালাচ্ছে।' লুইন জানান, 'যুদ্ধে নিজেদের টিকিয়ে রাখতে মংডুতে ধারাবাহিকভাবে বিমান হামলা চালাচ্ছে জান্তা বাহিনী। তা সত্ত্বেও কিছু ঘাঁটি দখল করে নিয়েছে আরাকান আর্মি।' তিনি বলেন, ''যুদ্ধে পশ্চাদপসরণরত জান্তা বাহিনী রোহিঙ্গা তরুণদেরকে আরাকান আর্মির বিরুদ্ধে লড়াই করতে নিয়োগ দিতে চাচ্ছে। এটা আরেকটি উদ্বেগের কারণ। এর ফলে দুটি বড় সম্প্রদায়ের মধ্যে সাম্প্রদায়িক সংঘাত সৃষ্টি হতে পারে। রোহিঙ্গারা এই সংঘাতে অংশ নিতে চায় না।

প্রসঙ্গত, দশ লাখের বেশি রোহিঙ্গা শরণার্থী বর্তমানে বাংলাদেশে অবস্থান করলেও রাখাইন রাজ্যে এখনো ছয় লাখের মতো রোহিঙ্গা রয়ে গেছেন। তাদের মধ্যে দুই লাখ ৭০ হাজারের মতো রোহিঙ্গা বুথিডাং এবং মংডুতে অবস্থান করছেন। তবে রাখাইনে চলমান সংঘাতের কারণে রোহিঙ্গারা শীঘ্রই আবারো বড় আকারে বাংলাদেশে প্রবেশের চেষ্টা করবেন বলে মনে করছেন না নেই সান লুইন। তিনি বলেন, 'মংডু হাসপাতালে চিকিৎসকের অভাবের কারণে যাদের চিকিৎসা প্রয়োজন শুধুমাত্র তারাই পালিয়ে বাংলাদেশে যেতে চাচ্ছেন।' জান্তা বাহিনী আরাকান আর্মির পাশাপাশি রোহিঙ্গা গ্রামগুলোতেও অভিযোগ চালাচ্ছে অভিযোগ করে লুইন বলেন, 'বেসামরিক মানুষেরা যদি কোথাও নিরাপত্তা না পান, তাহলে শেষ চেষ্টা হিসেবে বাংলাদেশে পালানোর চেষ্টা করতে পারেন।'

শনিবার শাহপরী দ্বীপে রোহিঙ্গা নৌকা ভেড়ার বিষয়ে জানতে বিজিবির সঙ্গে যোগাযোগ করা হলেও কোনো মন্তব্য পাওয়া যায়নি। উল্লেখ্য চলতি মাসের শুরুতে বাংলাদেশ-মিয়ানমার সীমান্তের মিয়ানমার অংশে জান্তা বাহিনী ও আরাকান আর্মির মধ্যে তীব্র যুদ্ধ শুরু হলে বাংলাদেশেও গুলি-গোলা গিয়ে পড়ে। এতে দুই ব্যক্তি নিহত হন এবং বেশ কয়েকজন আহত হন। পাশাপাশি তিন শতাধিক মিয়ানমারের সীমান্তরক্ষী, সেনা ও সাধারণ মানুষ পালিয়ে বাংলাদেশে আশ্রয় নেন। তাদেরকে গত বৃহস্পতিবার দেশে ফেরত পাঠিয়েছে বাংলাদেশ। পাশাপাশি মিয়ানমার থেকে আর কাউকে বাংলাদেশে প্রবেশ করতে দেয়া হবে না বলেও জানিয়েছে শেখ হাসিনা সরকার।

(ডয়েচে ভেলে ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

# রেডিও টুডে

## নির্বাচন নিয়ে কেউ ষড়যন্ত্রের চেষ্টা করলে প্রতিহত করা হবে: ওবায়দুল কাদের

নির্বাচনে হেরে গেলেও রাজনৈতিক প্রয়োজনে কয়েকজনকে জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে মনোনয়ন দেয়া হয়েছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। ৪৮ সংরক্ষিত নারী এমপি আসনে রোববার নির্বাচন কমিশনে দলটির মনোনয়ন জমা শেষে তিনি এ কথা জানান। ওবায়দুল কাদের বলেন আওয়ামী লীগ সতর্ক অবস্থায় আছে। নির্বাচন নিয়ে কেউ ষড়যন্ত্রের চেষ্টা করলে প্রতিহত করা হবে। বিএনপির আন্দোলন অন্তঃসারশূন্য উল্লেখ করে তিনি আরো বলেন ভোটে বিরোধী দল ও স্বতন্ত্ররা ছিল। পৃথিবীর বহু দেশের প্রচলিত স্ট্যান্ডার্ড অনুযায়ী দেশে নির্বাচন হয়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৮.০২.২০২৪ আসাদ)

## নীতি নৈতিকতাহীন একটি দলের সাথে বিএনপি সমঝোতা করবে এটা ভাবা বোকামি: আমির খসরু

বিএনপি'র স্থায়ী কমিটির সদস্য আমির খসরু মাহমুদ চৌধুরী বলেছেন, সরকার ভিক্ষাবৃত্তির রাজনীতি শুরু করেছে। তারা সুষ্ঠু নির্বাচনি পরিবেশে জনগণের কাছে যাওয়ার চ্যালেঞ্জ নিতে ভয় পায়। রোববার রাজধানীর বনানীতে নিজ বাসায় সাংবাদিকের সঙ্গে আলাপকালে তিনি এ মন্তব্য করেন। ভোটে অংশ নিলে এক রাতে বিএনপি'র সব নেতাকে মুক্তি দেয়া হতো আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক মন্ত্রী ড. আব্দুর রাজ্জাকের মন্তব্যের বিষয়ে আমির খসর

বলেন আওয়ামী লীগে নীতি নৈতিকতা হারিয়ে ক্ষমতা দখল করবে আর বিএনপির মত দল তাদের সঙ্গে সমঝোতা করবে এটি ভাবা বোকামি। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৮.০২.২০২৪ আসাদ)

## নেতৃত্বের দ্বন্দ্ব থেকে আবারও ভাঙ্গনের মুখে পড়েছে জাতীয় পার্টি

নেতৃত্বের দ্বন্দ্ব থেকে আবারও ভাঙ্গনের মুখে জাতীয় পার্টি। রওশন এরশাদ তার সমর্থক নেতাকর্মীদের নিয়ে জাতীয় কাউন্সিল করার জন্য কমিটি ঘোষণা করেছেন। কমিটি ঘোষণাকে ঘিরে এই প্রথমবারের মতো রওশন এরশাদের সঙ্গে প্রকাশ্যে এলেন কাজী ফিরোজ রশিদ ও সৈয়দ আবু হোসেন বাবলা। রাজধানীর গুলশানের নিজ বাসভবনে রোববার দুপুরে আয়োজিত এক জরুরী সংবাদ সম্মেলনে আগামী ৯ই মার্চ জাতীয় সম্মেলন বাস্তবায়নের জন্য কমিটি ঘোষণা করেন রওশন এরশাদ। সংবাদ সম্মেলনে রওশনের পাশে ছিলেন কাজী ফিরোজ রশীদ ও সৈয়দ আবু হোসেন বাবলা। সম্মেলন বাস্তবায়ন কমিটির আহ্বায়ক করা হয়েছে কাজী ফিরোজ রশিদকে। সৈয়দ আবু হোসেন বাবলাকে কো-আহবায়ক ও শফিকুল ইসলামকে সদস্য সচিব করা হয়েছে। সংবাদ সম্মেলনের রওশন এরশাদ বলেন জাতীয় পার্টি এখন চরম বিপর্যয়ের মধ্যে পড়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৮.০২.২০২৪ আসাদ)

## জাতীয় পার্টি থেকে আবু হোসেন বাবলাকে বহিষ্কার

রওশন এরশাদের সাথে বৈঠকের পাঁচ ঘণ্টার মাথায় জাতীয় পার্টি থেকে সৈয়দ আবু হোসেন বাবলাকে বহিষ্কার করা হয়েছে। রোববার জাপার যুগ্ম দপ্তর সম্পাদক মাহমুদ আলম স্বাক্ষরিত সংবাদ বিজ্ঞপ্তিতে এই তথ্য জানানো হয়েছে। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে জাতীয় পার্টির চেয়ারম্যান গোলাম মোহাম্মদ কাদের দলীয় গঠনতন্ত্রের প্রদত্ত ক্ষমতাবলে আবু হোসেন বাবলাকে পার্টির চেয়ারম্যান-সহ দলীয় সকল পদ থেকে অব্যাহতি প্রদান করেছেন। যা ইতিমধ্যে কার্যকর করা হয়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৮.০২.২০২৪ আসাদ)

## অপতথ্য ও ভুলতথ্য রোধে একসঙ্গে কাজ করবে বাংলাদেশ ও ইইউ : তথ্য প্রতিমন্ত্রী

অপতথ্য ও ভুলতথ্য রোধে ইউরোপীয় ইউনিয়ন ও বাংলাদেশ একসঙ্গে কাজ করবে বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ এ আরাফাত। রোববার সচিবালয়ে ইইউ রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলির সাথে সৌজন্য সাক্ষাৎ শেষে প্রতিমন্ত্রী এই তথ্য জানান। তিনি বলেন মত প্রকাশের স্বাধীনতায় বিশ্বাসী সরকার। তবে বেশি স্বাধীনতা যেন অপতথ্যের কারণ না হয় সেদিকে নজর রাখতে হবে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৮.০২.২০২৪ আসাদ)

## আগামী মঙ্গলবার ভোজ্যতেলের দাম পুনর্নির্ধারণ করা হবে : বাণিজ্য প্রতিমন্ত্রী

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসান ইসলাম টিটু জানিয়েছেন আগামী মঙ্গলবার ভোজ্যতেলের দাম পুনর্নির্ধারণ করা হবে। এছাড়াও আলাদাভাবে চিনি ও খেজুরের দাম নির্ধারণের ক্ষেত্রে ব্যবস্থা নেয়া হবে। রোববার সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি আরো বলেন বাজার নিয়ন্ত্রণে ভারত থেকে ৫০ হাজার টন পেঁয়াজ ও ১ লাখ টন চিনি আমদানির প্রস্তাব দেয়া হয়েছে। এ নিয়ে ভারতের মন্ত্রিসভা কমিটির বৈঠকে চলতি সপ্তাহে সিদ্ধান্ত হতে পারে। এছাড়া বাজারে ডিমের দাম নিয়ন্ত্রণে আছে জানিয়ে তিনি বলেন ডিমের দাম ১২ টাকার বেশি হলে ব্যবস্থা নেওয়া হবে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৮.০২.২০২৪ আসাদ)

## বাংলাদেশ-সহ বিশ্বের বিভিন্ন দেশে মেডিকেল সেক্টরে মাফিয়া চক্র কাজ করে : হাইকোর্ট

বাংলাদেশ-সহ বিশ্বের বিভিন্ন দেশে মেডিক্যাল সেক্টরে মাফিয়া চক্র কাজ করে বলে মন্তব্য করেছেন হাইকোর্ট। আদালত বলেছেন এই মাফিয়াচক্র ওষুধ-সহ মেডিকেল উপকরণ সরবরাহে রি-এজেন্ট হিসেবে কাজ করে। পাশাপাশি আদালত বলেন স্বাস্থ্য খাত নিয়ে সবার সচেতন হওয়া প্রয়োজন। শুধু আদেশ দিলাম পত্রিকায় নাম আসলো এটা আমরা চাই না। ১৮ কোটি মানুষের উপকার হবে এমন কিছু করতে চাই। রোববার ইউনাইটেড মেডিকেল কলেজ হাসপাতালে শিশু আয়ানের মৃত্যুর ঘটনায় হাওয়া রিটের শুনানিতে বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি মোহাম্মদ আতাবুল্লাহর হাইকোর্ট বেঞ্চ এই মন্তব্য করেন। আদালত এই মামলার পরবর্তী আদেশের জন্য আগামী মঙ্গলবার দিন ধার্য করেছেন। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৮.০২.২০২৪ আসাদ)

## টাঙ্গাইলের মির্জাপুরে পিক-আপ ও সিএনজি চালিত অটোরিক্সার মুখোমুখি সংঘর্ষে অন্তত ৪ জন নিহত

টাঙ্গাইলের মির্জাপুরে পিক আপ ও সিএনজি চালিত অটো রিক্সার মুখোমুখি সংঘর্ষে নারী-সহ চারজন নিহত হয়েছেন। এ সময় আহত হয়েছেন আরো দুজন। রোববার বিকেলে গোড়াই-সখিপুর সড়কে তেলিপাড়া এলাকায় এই দুর্ঘটনা ঘটে। পুলিশ জানিয়েছে মির্জাপুর উপজেলার বাসতলী ইউনিয়নের তেলিপাড়া নামক স্থানে পিক-আপের সঙ্গে অটো রিক্সার মুখোমুখি সংঘর্ষের ঘটনা স্থলে অটোরিকশার তিন যাত্রী নিহত হন। এছাড়া হাসপাতালে নেয়ার পথে আরো একজনের মৃত্যু হয়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ১৮.০২.২০২৪ আসাদ)

## গাজায় বর্তমানে যা হচ্ছে তা গণহত্যা: প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন গাজায়, বর্তমানে যা ঘটছে তা গণহত্যা। তিনি জোর দিয়ে বলেছেন ফিলিস্তিনি জনগণের বেঁচে থাকার ও তাদের নিজস্ব রাষ্ট্রের অধিকার রয়েছে। বার্তা সংস্থা আনাদোলু এজেন্সিকে দেয়া এক সাক্ষাৎকারে তিনি এসব কথা বলেন। মিউনিখ সিকিউরিটি কনফারেন্স টুয়েন্টি টুয়েন্টি ফোরে অংশ নিতে বর্তমানে জার্মানিতে রয়েছেন প্রধানমন্ত্রী। এখানে তিনি এই সাক্ষাৎকার দেন। আনাদোলু এজেন্সিকে প্রধানমন্ত্রী বলেন, বাংলাদেশ

সবসময় গণহত্যার বিরুদ্ধে দাঁড়িয়েছে। গাজাতে যা হচ্ছে আমার মনে হয় এটি গণহত্যা। আমরা কখনোই এটি সমর্থন করি না। তিনি বলেন, গাজার মানুষের বেঁচে থাকার অধিকার আছে; যা হচ্ছে তা খুব মর্মান্তিক। সুতরাং আমাদের উচিত তাদের সহায়তা করা। এর পাশাপাশি এই যুদ্ধ বন্ধ করা। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০২.২০২৪ রুবাইয়া)

**আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকার গণতন্ত্রে বিশ্বাস করেন না: মঈন খান**

আওয়ামী লীগ নেতৃত্বাধীন সরকার গণতন্ত্রে বিশ্বাস করে না বলে অভিযোগ তুলেছেন বিএনপি স্থায়ী কমিটির সদস্য ড. মঈন খান। তিনি বলেছেন, সরকার গণতন্ত্রে বিশ্বাস করে না বলেই গণতন্ত্র নিশ্চিহ্ন করে দিতে চায়। বিরোধী দল নিশ্চিহ্ন করে কাগজে-কলমে অতিথির মতো বাকশাল কায়েম করার চক্রান্ত করছে এবং সে পথেই হাঁটছে। রোববার সকালে তাঁতীদলের ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে দলটির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের কবরে শ্রদ্ধা নিবেদনের পর সাংবাদিকদের এ কথা বলেন তিনি। এ সময় দেশের মানুষকে বর্তমান সরকারের বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানান মঈন খান। বলেন স্বাধীনতার মূল আদর্শে আঘাত করেছে আওয়ামী লীগ। ২৮শে অক্টোবর বিএনপির উপর ক্রাকডাউন করে একতরফা নির্বাচন করা হয়েছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০২.২০২৪ রুবাইয়া)

**জাতীয় পার্টির একাংশের চেয়ারম্যান রওশন এরশাদ আগামী ৯ই মার্চ দলের কাউন্সিল ঘোষণা দিয়েছেন**

জাতীয় পার্টির একাংশের চেয়ারম্যান রওশন এরশাদ আগামী ৯ মার্চ দলটির কাউন্সিলের ঘোষণা দিয়েছেন। রোববার দুপুরে গুলশানের বাসভবনে সংবাদ সম্মেলনে রওশন এরশাদ এই ঘোষণা দেন। তিনি বলেন আমাদের প্রিয় সংগঠন জাতীয় পার্টি এখন চরম বিপর্যয়ের মধ্যে পড়েছে। এই অবস্থা থেকে উত্তরণের জন্য এবং পার্টিকে আবার সুসংগঠিত করার লক্ষ্যে নেতাকর্মীদের দাবির প্রেক্ষিতে আমি পার্টির চেয়ারম্যানের দায়িত্ব গ্রহণ করে আগামী ৯ই মার্চ দশম জাতীয় কাউন্সিল আয়োজনের ঘোষণা দিচ্ছি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০২.২০২৪ রুবাইয়া)

**কেএনএফ-এর হুমকি : বান্দরবানের থানচি, রুমা ও রোয়াংছড়িতে সব ধরনের যানবাহন চলাচল বন্ধ**

সশস্ত্র সংগঠন কুকী-চিন ফ্রন্ট কে নএফ-এর হুমকির মুখে বান্দরবানের থানচি রুমা ও রোয়াংছড়ি উপজেলায় সব ধরনের যান চলাচল বন্ধ রাখা হয়েছে। নিরাপত্তার কারণে রোববার সকাল থেকে এই দুটো সড়কে বাস চলাচল বন্ধ করে দেয় পরিবহন শ্রমিকরা। এতে দুর্ভোগে পড়েছেন সাধারণ যাত্রী-সহ পর্যটকরা। রোববার এই তিন উপজেলার স্থানীয় প্রশাসন বিষয়টি সংবাদ মাধ্যমকে নিশ্চিত করেছে। স্থানীয় প্রশাসন সূত্রে জানা গেছে কেএনএফ এর পূর্ব ঘোষিত হুমকির শর্তেও আজ যান চলাচল স্বাভাবিক রেখেছিল পরিবহন শ্রমিকরা। তবে যান চলাচল বন্ধ না রাখায় রুমায় আজ পরিবহন লাইন ম্যান লুফো মারমার উপর হামলা হয়। এ কারণে খানচি, রুমা ও রোয়াংছড়ি উপজেলায় সব ধরনের যান চলাচল বন্ধ রাখা হয়েছে। এর আগে গত ১৪ই ফেব্রুয়ারি রুমায় বন জনগোষ্ঠীর বাড়িঘরে হামলা হামলা চালিয়ে ভাঙচুর করে দুর্বৃত্তরা। এই হামলায় জড়িতদের শাস্তির আওতায় আনার দাবিতে তিন উপজেলায় যান চলাচল বন্ধের ঘোষণা দিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে এক বিবৃতি দেয় কেএনএফ।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০২.২০২৪ রুবাইয়া)

**দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে মনোনয়নপত্র দাখিলের শেষ সময় আজ**

দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে মনোনয়নপত্র দাখিলের শেষ সময় হচ্ছে আজ রোববার। আজ সকাল ৯টা থেকে বিকেল চারটা পর্যন্ত রিটার্নিং কর্মকর্তার কাছে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন প্রার্থীরা। তফশিল অনুযায়ী মনোনয়নপত্র ১৯ ও ২০ই ফেব্রুয়ারি বাছাই হবে। প্রত্যাহার করা যাবে পঁচিশে ফেব্রুয়ারি পর্যন্ত। আর ভোটের তারিখ ১৪ই মার্চ। কেউ প্রার্থিতা প্রত্যাহার না করলে এই সময়ের পরেই ঘোষণা করা হবে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিতদের নাম। ইসির নির্বাচন ব্যবস্থাপনা শাখার কর্মকর্তারা জানিয়েছেন এরই মধ্যে ভোটার তালিকা প্রস্তুত করা হয়েছে। কোনও প্রতিদ্বন্দ্বি না থাকলে ভোটের প্রয়োজন হবে না। তবে এরই মধ্যে দলগুলো তাদের প্রার্থিদের তালিকা ঘোষণা করেছে। এতে ভোট না হওয়ার কোনও সম্ভাবনা নেই। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০২.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

**জার্মানির চ্যান্সেলরের সঙ্গে প্রধানমন্ত্রী শেখ হাসিনার বৈঠক**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মিউনিখ নিরাপত্তা সম্মেলন, এমএসসি ২০২৪-এর ফাঁকে জার্মানির চ্যান্সেলর ওলাফ শ্লোজের সঙ্গে বৈঠক করেছেন। গতকাল বিকেলে কনফারেন্স ভেন্যু হোটেল বেইরিশার হফে বৈঠকটি অনুষ্ঠিত হয়। বৈঠকে দুই নেতা দেশগুলোর মধ্যে বিদ্যমান সম্পর্কের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন। বৈঠককালে তারা পারস্পরিক ও বৈশ্বিক স্বার্থ-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এ সময় অন্যান্যের মধ্যে পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ ও পররাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মাসুদ বিন মোমেন উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রী নেদারল্যান্ডসের প্রধানমন্ত্রী মার্ক রুটের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক করেন। একই স্থানে তিনি ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি, আজারবাইজানের প্রেসিডেন্ট ইলহাম আলিয়েভ ও ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে বৈঠক করেন। এর আগে বাংলাদেশের প্রধানমন্ত্রী শুক্রবার, ১৬ই ফেব্রুয়ারি কাতার ও ডেনমার্কের প্রধানমন্ত্রীদের সঙ্গে বৈঠক করেন। প্রধানমন্ত্রী মিউনিখ নিরাপত্তা সম্মেলন ২০২৪-এ যোগ দিতে তিনদিনের এক সরকারি সফরে ১৫ই ফেব্রুয়ারি সন্ধ্যায় মিউনিখে পৌঁছেছেন। ১৯ই ফেব্রুয়ারি প্রধানমন্ত্রীর ঢাকায় পৌঁছার কথা রয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## ফিলিস্তিনি জনগণের বেঁচে থাকার ও তাদের নিজস্ব রাষ্ট্র গঠনের অধিকার রয়েছে : শেখ হাসিনা

গাজায় গণহত্যা বন্ধে বিশ্বনেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। স্থানীয় সময় শনিবার, ১৭ই ফেব্রুয়ারি মিউনিখে নিরাপত্তা সম্মেলনের ফাঁকে তুরস্কের সরকার পরিচালিত সংবাদ সংস্থা আনাদোলু এজেন্সিকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি এ আহ্বান জানান। প্রধানমন্ত্রী বলেন, 'বাংলাদেশ সবসময় গণহত্যার বিরুদ্ধে দাঁড়িয়েছে। আমি মনে করি গাজায় যা ঘটছে তা গণহত্যা। তাই আমরা কখনই এটিকে সমর্থন করি না। ফিলিস্তিনি জনগণের বেঁচে থাকার ও তাদের নিজস্ব রাষ্ট্র গঠনের অধিকার রয়েছে।' প্রধানমন্ত্রী বলেন, 'গাজার জনগণের বেঁচে থাকার অধিকার আছে। সেখানে যা ঘটছে তা খুবই দুঃখজনক। তাই আমাদের উচিত তাদের সাহায্য করা এবং এই আক্রমণ ও যুদ্ধ বন্ধ করা।' শেখ হাসিনা বিশ্বনেতাদের প্রতি ফিলিস্তিনের দুর্দশাগ্রস্ত শিশু, নারী ও জনগণকে সাহায্য করার আহ্বান জানিয়ে বলেন, 'বাংলাদেশ এরই মধ্যে তাদের জন্য কিছু সহায়তা পাঠিয়েছে।' দক্ষিণ গাজার রাফা শহরে ইসরায়েলি অভিযানের বিষয়ে প্রধানমন্ত্রী বলেন, 'বাংলাদেশ কখনই এ ধরনের আক্রমণকে সমর্থন করেনি।' তিনি আরো বলেন, '১৯৬৭ সালের জাতিসংঘ প্রস্তাবে দুটি রাষ্ট্রের তত্ত্ব রয়েছে। এটি বাস্তবায়ন করা উচিত।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## রাজনৈতিক কারণে হেরে যাওয়াদের সংরক্ষিত আসনে মনোনয়ন : আওয়ামী লীগ সাধারণ সম্পাদক

রাজনৈতিক ও সাংগঠনিক প্রয়োজনে জাতীয় নির্বাচনে হেরে যাওয়া নারী প্রার্থীদের সংরক্ষিত আসনে মনোয়ন দেওয়া হয়েছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। রোববার, ১৮ই ফেব্রুয়ারি বিকেলে আগারগাঁও নির্বাচন ভবনে দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত আসনের নারী প্রার্থীদের মনোনয়ন জমা শেষে তিনি এ কথা বলেন। কাদের বলেন, 'নির্বাচন প্রতিহত করার দুঃসাহস কারো ছিল না। শেষ পর্যন্ত আমরা সতর্ক পাহারায় ছিলাম। এখন পর্যন্ত সতর্ক পাহারায় আছি। যদি কেউ এই নির্বাচন নিয়ে কোনো ষড়যন্ত্র, সন্ত্রাসমূলক কার্যক্রম করে সেটা আমরা অবশ্যই প্রতিরোধ করব।' সেতুমন্ত্রী বলেন, 'সংসদ কার্যকর হতে কোনো প্রতিবন্ধকতা নেই। সংসদে বিরোধীদল আছে, স্বতন্ত্র আছে। তারা সরকারের সমালোচনা করতে পারবে। কেউ যদি নির্বাচন নিয়ে ষড়যন্ত্র করে, তাদের ছাড় দেওয়া হবে না।' বিএনপি প্রসঙ্গে ওবায়দুল কাদের বলেন, 'বিএনপি অন্তঃসারশূন্য। তারা আন্দোলন করতে ব্যর্থ। আন্দোলন করার মতো কোনো পরিস্থিতি নেই। বিএনপি মাজা ভাঙা। বিএনপিকে নিয়ে মাথাব্যথা নেই। তারা মুখে যা বলে, কাজে তা দেখাতে পারে না। দেশের মানুষকে তারা আন্দোলনে সম্পৃক্ত করতে ব্যর্থ হয়েছে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## দেশে রিজার্ভ সংকট নেই : গণপূর্তমন্ত্রী

দেশে রিজার্ভ সংকট নেই বলে জানিয়েছেন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রী র আ ম উবায়দুল মোকতাদির চৌধুরী। রোববার, ১৮ই ফেব্রুয়ারি রাজশাহী সার্কিট হাউজ সম্মেলন কক্ষে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ ও জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। মন্ত্রী বলেন, 'দেশে রিজার্ভের কারণে উন্নয়ন প্রকল্পে কার্যক্রম স্থবির হয়ে নেই। কোনো উন্নয়ন কার্যক্রমই স্থবির হয়ে পড়েনি। সব কার্যক্রম চলমান। রিজার্ভ নিয়েও আমাদের কোনো সংকট নেই।' চলমান উন্নয়ন প্রকল্পগুলোতে দীর্ঘসূত্রিতা পরিহার করে কীভাবে দ্রুত করা যায় সেটি নিশ্চিত করা হচ্ছে জানিয়ে তিনি বলেন, 'কাজের গুণগতমান ভালো করতে গিয়ে অনেক সময় দেরি হয়। সেটি বিবেচনায় রেখে কোনো কাজ যাতে প্রলম্বিত না হয় সে বিষয়ে তৎপর রয়েছি।' উবায়দুল মোকতাদির চৌধুরী বলেন, 'সিটি কর্পোরেশন, পিডব্লিউডি ও বিদ্যুৎ বিভাগের মতো পরিষেবা দানকারী প্রতিষ্ঠানগুলোর সঙ্গে সমন্বয়ের অভাবে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে থাকা উন্নয়ন প্রকল্পগুলোতে দীর্ঘসূত্রিতা বাড়ছে। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ থেকে অনুমতি না নিয়ে কেউ যদি আবাসন গড়ে তোলেন সেটা বেআইনি কাজ। সেই বিষয়টি দেখবেন জেলা প্রশাসক। কেউ অনিয়ম করলে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।' এসময় উপস্থিত ছিলেন গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের সচিব কাজী ওয়াছি উদ্দিন, রাজশাহী জেলা প্রশাসক শামীম আহমেদ-সহ অন্যান্য বিভাগের কর্মকর্তা-কর্মচারীরা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## এফএও-এর আঞ্চলিক সম্মেলনে যোগ দিতে কলম্বো গেলেন কৃষিমন্ত্রী

জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থা, এফএও-এর ৩৭তম এশিয়া ও প্যাসিফিক আঞ্চলিক সম্মেলনে যোগ দিতে শ্রীলঙ্কার রাজধানী কলম্বো গেলেন কৃষিমন্ত্রী ড. মোঃ আব্দুস শহীদ। রোববার, ১৮ই ফেব্রুয়ারি দুপুরে কলম্বোর উদ্দেশ্যে রওয়ানা দেন মন্ত্রী। প্রতিনিধি দলে তার সফরসঙ্গী হিসেবে রয়েছেন কৃষি মন্ত্রণালয়ের যুগ্মসচিব মোঃ মাহমুদুর রহমান এবং এফএও-এর বাংলাদেশ প্রতিনিধি জিয়াওকুন শি। ৪ দিনব্যাপী এই আঞ্চলিক সম্মেলন শুরু হবে সোমবার, ১৯ই ফেব্রুয়ারি আর শেষ হবে ২২ই ফেব্রুয়ারি। সম্মেলনে এশিয়া ও প্যাসিফিক অঞ্চলের ৪০টির বেশি দেশের মন্ত্রী পর্যায়ের প্রতিনিধি, এফএও-এর মহাপরিচালক, জাতিসংঘের বিভিন্ন অঙ্গসংগঠনের প্রতিনিধি, উন্নয়ন সহযোগী, এনজিও ও সিভিল সোসাইটির প্রতিনিধিরা অংশ নেবেন। সম্মেলনে এ অঞ্চলের বর্তমান খাদ্য নিরাপত্তা পরিস্থিতি ও টেকসই খাদ্য নিরাপত্তা নিশ্চিতে করণীয় বিষয়ে আলোচনা হবে। সম্মেলন শেষে আগামী ২৩ই ফেব্রুয়ারি মন্ত্রীর দেশে ফেরার কথা

রয়েছে। উল্লেখ্য ২০২২ সালে এফএও-এর এশিয়া ও প্যাসিফিক আঞ্চলিক সম্মেলন ঢাকায় অনুষ্ঠিত হয়েছিল। বাংলাদেশ প্রথমবারের মতো এ সম্মেলনের আয়োজক ছিল। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## রোজার আগেই ভারত থেকে দেড় লাখ টন পেঁয়াজ ও চিনি আনা হবে : বাণিজ্য প্রতিমন্ত্রী

রোজার আগেই ভারত থেকে দেড় লাখ টন চিনি ও পেঁয়াজ আমদানি করা হবে বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম। রোববার, ১৮ই ফেব্রুয়ারি দুপুরে সচিবালয় নিজ দফতরে সাংবাদিকদের এ তথ্য জানান তিনি। প্রতিমন্ত্রী বলেন, 'ভারত থেকে পেঁয়াজ ও চিনি আসবে বলে আমরা প্রত্যাশা করি। ভারত সফরে গিয়ে পররাষ্ট্রমন্ত্রী এ বিষয়ে আশ্বস্ত হয়েছেন। আশা করি, সোমবার থেকে বৃহস্পতিবারের মধ্যে আমরা একটি ভালো খবর পাব। কীভাবে, কত তারিখ থেকে আমদানি করব, সেটা অনুমোদন পেলেই আমরা বাকি জিনিসটা জানাতে পারব। এ ক্ষেত্রে তাদের মিনিস্টিরিয়াল বৈঠক ১৪ই ফেব্রুয়ারি হওয়ার কথা ছিল। কিন্তু তাদের পররাষ্ট্রমন্ত্রী জার্মানিতে আছেন। তিনি বিদেশে থাকায় বৈঠকটি হতে একটু দেরি হচ্ছে। আশা করছি, সোমবার থেকে বৃহস্পতিবারের মধ্যে কোনো একসময় তাদের এই বৈঠক হবে। এখনো বিশ্বাস করি, ভালো ফল হবে।' প্রতিমন্ত্রী আরো বলেন, 'রমজানের আগেই পেঁয়াজ ও চিনি বাজারে সরবরাহ করতে পারব। ৫০ হাজার মেট্রিক টন পেঁয়াজ ও এক লাখ মেট্রিক টন চিনির চাহিদা দিয়েছি। আমরা ২০ হাজার মেট্রিক টন পেঁয়াজ ও ৫০ হাজার মেট্রিক টন চিনির প্রতিশ্রুতি পেয়েছি। কিন্তু আমরা প্রত্যাশা করছি আমাদের চাহিদার পুরোটাই রোজার আগে নিয়ে আসতে পারব।' ভারতের বাইরে বিকল্প উৎস থেকেও চেষ্টা করা হচ্ছে বলে জানিয়ে তিনি বলেন, 'আর একই উৎস না, বিকল্প উৎস থেকেও আমরা চেষ্টা করছি। ভারতের আশপাশের দেশগুলো থেকে চেষ্টা করা হচ্ছে। নেপাল থেকে ডাল আসে, মিয়ানমারে সীমান্ত পরিস্থিতি ভালো না হলেও সেখান থেকে নিত্যপ্রয়োজনীয় পণ্য আনার প্রক্রিয়া চলছে। সেটা দ্রুত আপনাদের জানাতে পারব। গত বৃহস্পতিবার খাতুনগঞ্জের ব্যবসায়ীদের সঙ্গে কথা বলেছি। তারা জানিয়েছেন, পণ্য সরবরাহে কোনো ঘাটতি নেই। আমদানিকারক ও মিল মালিকরা ঠিকমতো সরবরাহ করলে খাতুনগঞ্জ থেকে সম্পূর্ণ সহায়তা পাওয়া যাবে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## অপতথ্যে বাংলাদেশও ক্ষতির মধ্যে পড়ছে : তথ্য প্রতিমন্ত্রী

অপতথ্যের কারণে পশ্চিমা দেশগুলোর মতো বাংলাদেশও ক্ষতির মধ্যে পড়ছে বলে দাবি করেছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। রোববার, ১৮ই ফেব্রুয়ারি সচিবালয়ে নিজ দফতরে ঢাকায় ইউরোপীয় ইউনিয়নের রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলির সঙ্গে বৈঠকের পর সাংবাদিকদের তিনি এ কথা বলেন। প্রতিমন্ত্রী বলেন, 'আপনারা দেখেছেন, অপতথ্য মানবসমাজকে বিরাট ঝুঁকির মধ্যে ফেলেছে। প্রযুক্তি ব্যবহার করে এগুলো করা হচ্ছে। কিছুদিন আগে দাভোসে বৈশ্বিক অর্থনৈতিক ফোরামে যে আলোচনা হয়েছে সেখানেও এ নিয়ে আলোচনা হয়েছে। কিছুদিনের মধ্যে মানুষকে যে বিষয়গুলো সবচেয়ে ঝুঁকিতে ফেলবে তার মধ্যে সবার আগে এই প্রোপাগান্ডা ও মিস-ইনফরমেশন। বিশ্বজুড়ে এই উদ্বেগটা আছে। ইউরোপীয় ইউনিয়নের যেমন আছে, তেমনই আমাদেরও আছে। সে ক্ষেত্রে আমরা কীভাবে পরস্পরকে সহায়তা করতে পারি সেটা নিয়ে আলাপ হয়েছে। এছাড়া আমাদের অংশীদার হিসেবে ইউরোপীয় ইউনিয়ন তো আছেই। এগুলো ছাড়াও আরো বিভিন্ন স্তরে সহযোগিতা নিয়ে আমরা আলোচনা করেছি।' মোহাম্মদ আলী আরাফাত বলেন, 'আজ মূলত আমরা ডিস-ইনফরমেশন ও মিস-ইনফরমেশন নিয়ে আলোচনা করেছি, কীভাবে ইনক্লুসিভ বা অন্তর্ভুক্তিমূলক একটি ব্যবস্থার মাধ্যমে এটার বিরুদ্ধে আমরা শেষ পর্যন্ত লড়াই চালিয়ে যেতে পারি।' কী ধরনের সহযোগিতা পরস্পরকে করা হবে, জানতে চাইলে তিনি বলেন, 'আইডিয়া বিনিময় করা, প্রযুক্তিগত সহযোগিতা থাকবে। সমস্যা হচ্ছে, তারা এটার সমাধান করে ফেলেছে, তাও কিন্তু না। সমাধান কেউ করেনি। নতুন একটা সমস্যা তৈরি হয়েছে, সেটা নিয়ে তারাও চিন্তা করছেন, আমরাও করছি। এখানে আমরা অংশীদার হচ্ছি। পরস্পরকে সহযোগিতা করে বৈশ্বিকভাবে আমরা এর একটা সুরাহা করতে পারি কি না, সেই আলাপ হয়েছে।' সাংবাদিকদের নিরাপত্তা নিয়ে কথা হয়েছে, সেটা কী, এমন প্রশ্নে তথ্য প্রতিমন্ত্রী বলেন, 'যুদ্ধ-বিগ্রহে সাংবাদিকদের ঝুঁকির মধ্যে পড়া, সেটা তো আছেই। বৈশ্বিক দৃষ্টিকোণ থেকে সেগুলো নিয়ে একটা আলাপ হয়েছে। ইউরোপেও বিভিন্ন ধরনের চ্যালেঞ্জ আছে বলে রাষ্ট্রদূত বলেছেন। আমাদের দেশেও কোথায় কোথায় আমরা ইমপ্রুভ করতে পারি, সেটা নিয়ে আলাপ হয়েছে।' তিনি বলেন, 'সরকারের পক্ষ থেকে গণমাধ্যমকে ওপেন করে দেওয়া হয়েছে, গণমাধ্যমের বিস্তৃতি ঘটেছে। এই উদার করতে এমনও হয়েছে, গণমাধ্যমের মধ্যেও একটা ইনডিসিপ্লিন হয়ে গেছে। এটা আমরা বলছি না, গণমাধ্যমকর্মী আপনারাই বলছেন।' তিনি আরো বলেন, 'পেশাদার সাংবাদিকরাই বলছেন যে এটাকে রেগুলেশন, ডিসিপ্লিনে আনা দরকার। আপনারাই বলছেন একটু রেগুলেট করতে হবে। এগুলো নিয়েও আলোচনা হয়েছে। আমরা একটি স্বাস্থ্যকর পরিবেশ চাই। গণতন্ত্র হচ্ছে আইনের শাসন। স্বাধীনতার নামে আমরা তো জঙ্গল বানিয়ে ফেলতে পারি না।' প্রতিমন্ত্রী বলেন, 'আমি আগেও বলেছি, অপতথ্য প্রতিরোধ করতে চাই, কিন্তু মতপ্রকাশের অবাধ স্বাধীনতাকে সঙ্কুচিত করে না। কাজেই দুটো একই সঙ্গে আমাদের করতে হবে। এ নিয়ে নৈতিকভাবে আমরা একমত আছি। অপতথ্যের কারণে পশ্চিমারা এবং আমরা সবাই ক্ষতিগ্রস্ত। আমাদের মধ্যে সেই আলাপই হয়েছে। পশ্চিমারা বিভিন্ন ধরনের আইন করছেন। সেই আইনের খসড়া, আইন প্রণয়নের বিষয়গুলো আমাদের শেয়ার করবেন।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## ইসরায়েলের নৃশংসতায় দ্বৈত নীতি পরিলক্ষিত হচ্ছে : পররাষ্ট্র সচিব

গাজার নিরস্ত্র বেসামরিক নাগরিকদের ওপর বিশেষ করে নারী ও শিশুদের ওপর ইসরায়েলের নৃশংসতার বিষয়ে যে দ্বৈত নীতি পরিলক্ষিত হয়েছে তা দুর্ভাগ্যজনক বলে মন্তব্য করেছেন পররাষ্ট্র সচিব মাসুদ বিন মোমেন। তিনি বলেন, 'সংঘর্ষে লিপ্ত পক্ষগুলো ভূ-রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতার সুযোগ নিয়ে সংকটকে দীর্ঘায়িত করে। তারা শান্তিরক্ষা কার্যক্রমকে মারাত্মকভাবে প্রভাবিত করে থাকে।' মিউনিখ নিরাপত্তা সম্মেলনে শান্তিরক্ষা কার্যক্রমের একটি অধিবেশনে প্যানেলিস্ট হিসেবে বক্তব্য দেওয়ার সময় তিনি এ কথা বলেন। শনিবার, ১৭ই ফেব্রুয়ারি পররাষ্ট্র মন্ত্রণালয় এ তথ্য জানায়। মাসুদ বিন মোমেন বাংলাদেশের সৈন্যদের প্রতিশ্রুতি ও শান্তিরক্ষা কার্যক্রমে অব্যাহত অবদানের কথাও তুলে ধরেন। যেখানে তারা কাজ করেছেন স্থানীয় সম্প্রদায়ের হৃদয় ও মন জয় করেছেন। অধিবেশনে নরওয়ের আন্তর্জাতিক উন্নয়ন মন্ত্রী, পর্তুগালের জাতীয় প্রতিরক্ষা মন্ত্রী ও ইরাক মিশনের প্রধান প্যানেলে বক্তব্য দেন। সেশনটি পরিচালনা করেন সেন্টার ফর ইন্টারন্যাশনাল পিস অপারেশনের নির্বাহী পরিচালক অ্যাস্ট্রিড ইরগাং। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদলের অংশ হিসেবে মিউনিখ নিরাপত্তা সম্মেলনে অংশ নিয়েছেন পররাষ্ট্রসচিব মাসুদ বিন মোমেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## চলতি অর্থবছরে পল্লি এলাকায় ৪হাজার ৯৩০কিলোমিটার সড়ক উন্নয়ন পরিকল্পনা : স্থানীয় সরকারমন্ত্রী

এলজিইডির আওতায় চলতি অর্থবছরে দেশব্যাপী পল্লি এলাকায় ৪ হাজার ৯৩০ কিলোমিটার সড়ক উন্নয়ন ও ২১ হাজার মিটার ব্রিজ, কালভার্ট নির্মাণের পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লি উন্নয়ন ও সমবায়মন্ত্রী তাজুল ইসলাম। রোববার, ১৮ই ফেব্রুয়ারি জাতীয় সংসদের অধিবেশনে আওয়ামী লীগের সংসদ সদস্য আসাদুজ্জামান আসাদের এক প্রশ্নের লিখিত উত্তরে স্থানীয় সরকারমন্ত্রী এ তথ্য জানান। এসময় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী অধিবেশনে সভাপতিত্ব করেন। তাজুল ইসলাম বলেন, 'এলজিইডির আওতায় চলতি অর্থবছরে দেশব্যাপী পল্লি এলাকায় ৪ হাজার ৯৩০ কিলোমিটার সড়ক উন্নয়ন, ১৪ হাজার ৪০০ কিলোমিটার সড়ক রক্ষণাবেক্ষণ, ২১ হাজার মিটার ব্রিজ-কালভার্ট নির্মাণ, ১৯ হাজার মিটার ব্রিজ-কালভার্ট রক্ষণাবেক্ষণ, ৯০টি গ্রোথ সেন্টার/হাটবাজার উন্নয়ন, ৫০টি বহুমুখী সাইক্লোন শেল্টার নির্মাণ, ২৫টি উপজেলা কমপ্লেক্স ভবন নির্মাণ, ৪০০ কিলোমিটার সেচ খাল খনন-পুনঃখনন, ৫০ কিলোমিটার বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ-সংস্কার, ১২০টি রেগুলেটর নির্মাণ/সংস্কার, ১১০ কিলোমিটার বৃক্ষরোপণ ইত্যাদি কাজ বাস্তবায়নের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।' এসব উন্নয়ন কাজের বাস্তবায়ন চলমান। যা চলতি বছরের জুনের মধ্যে সমাপ্ত হবে বলে জানান মন্ত্রী। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের সুপারিশ

বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের সুপারিশ করেছে দ্বাদশ জাতীয় সংসদের প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি। রোববার, ১৮ই ফেব্রুয়ারি সংসদ ভবনে কমিটির প্রথম বৈঠক অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মোঃ আফতাব উদ্দিন সরকার। কমিটির সদস্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত প্রতিমন্ত্রী রুমানা আলী, আহমেদ ফিরোজ কবির, মোঃ আবুল কালাম, এস এম শাহজাদা, এইচ এম বদিউজ্জামান, নিলুফার আনজুম ও গোলাম সরোয়ার টুকু বৈঠকে অংশ নেন। বৈঠকে নবনির্বাচিত কমিটির সভাপতিকে ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানান প্রতিমন্ত্রী। উপস্থিত সদস্যদের পরিচিতি পর্ব শেষে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের কার্যক্রম সম্পর্কে কমিটিকে অবহিত করা হয়। বৈঠকে প্রাথমিক শিক্ষাব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে সকলে একসঙ্গে কাজ করার দৃঢ়প্রত্যয় ব্যক্ত করেন। মন্ত্রণালয়ের সার্বজনীন, একীভূত ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ, উপানুষ্ঠানিক শিক্ষা সম্প্রসারণ ও নিশ্চিতকরণ এবং প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের কৌশলগত উদ্দেশ্যসমূহ বাস্তবায়নের জন্য কমিটি কর্তৃক মন্ত্রণালয়কে সুপারিশ করা হয়। নির্বাচনি ইশতাহার ২০২৪, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং স্মার্ট বাংলাদেশ, রূপকল্প ২০৪১- প্রভৃতি অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় সংসদ সচিবালয়ের সঙ্গে মন্ত্রণালয়ের নিবিড় সম্পর্ক বজায় রেখে স্থায়ী কমিটির কাজকে আরো গতিশীল করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব, বিভিন্ন দফতর ও সংস্থা প্রধান-সহ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের সিনিয়র সচিব ও সংশ্লিষ্ট কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

## দেশের প্রতিটি উপজেলায় একটি করে মিনি স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনা রয়েছে : যুব ও ক্রীড়ামন্ত্রী

দেশের প্রতিটি উপজেলায় একটি করে মিনি স্টেডিয়াম নির্মাণের পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন যুব ও ক্রীড়ামন্ত্রী নাজমুল হাসান পাপন। রোববার, ১৮ই ফেব্রুয়ারি জাতীয় সংসদ অধিবেশনে আওয়ামী লীগের সদস্য জান্নাত আরা হেনরীর এক প্রশ্নের লিখিত জবাবে মন্ত্রী এ তথ্য জানান। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী অধিবেশনে সভাপতিত্ব করেন। মন্ত্রী বলেন, 'প্রতিটি উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণের অংশ হিসেবে 'উপজেলা পর্যায়ে মিনি স্টেডিয়াম নির্মাণ-১ম পর্যায়' প্রকল্পের আওতায় ১২৫টি উপজেলায় শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণকাজ ২০১৯ সালের জুন মাসে শেষ হয়েছে।' তিনি বলেন 'শেখ রাসেল মিনি স্টেডিয়াম নির্মাণ-২য় পর্যায় শীর্ষক প্রকল্পটি ২০২১ সালের ৪ মে একনেক সভায় অনুমোদিত হয়েছে। ওই প্রকল্পে সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলা অন্তর্ভুক্ত রয়েছে

ও বর্ণিত উপজেলার জমি সংক্রান্ত জটিলতার কারণে জেলা প্রশাসক কর্তৃক বিকল্প প্রস্তাব প্রেরণ করা হয়, যা প্রকল্পের সংশোধিত ডিপিপিতে অন্তর্ভুক্ত হয়েছে। সংশোধিত ডিপিপি অনুমোদিত হলে স্টেডিয়াম নির্মাণকাজ বাস্তবায়ন করা হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

**নারীরা কারো বোঝা নয় বরং দেশের সম্পদ : মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী**

নারীরা কারো বোঝা নয় বরং দেশের সম্পদ বলে মন্তব্য করেছেন মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী সিমিন হোসেন রিমি। রোববার, ১৮ই ফেব্রুয়ারি সচিবালয়ের নিজ কার্যালয়ে সুইডিশ রাষ্ট্রদূত এলেক্সান্ড্রা বার্গ ভন লিন্ড সাক্ষাৎ করতে এলে তিনি এ কথা বলেন। এসময় দ্বিপাক্ষিক সম্পর্ক উন্নয়ন, লিঙ্গসমতা আনয়ন, নারীর ক্ষমতায়ন, জলবায়ু পরিবর্তনের ফলে নারীদের ওপর প্রভাব, বাল্যবিবাহরোধ, জেন্ডারবেজড ভায়োলেন্স, জেন্ডার রেস্পনসিভ বাজেটসহ নানা বিষয়ে আলোচনা হয়। প্রতিমন্ত্রী বলেন, 'নারীর ক্ষমতায়ন, বাল্যবিবাহরোধ, শিক্ষার হার বৃদ্ধিকরণ, নারীদের জীবনযাত্রার মানোন্নয়নে সরকার কাজ করে যাচ্ছে। শিশুমৃত্যু ও মাতৃমৃত্যুর হার কমানো এবং সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সরকার বদ্ধপরিকর।' প্রতিমন্ত্রী আরো বলেন, 'নারীর জীবনমান উন্নয়নে এবং নারীদের প্রতি সহিংসতারোধে সচেতনতা বৃদ্ধির বিকল্প নেই। সেই লক্ষ্যে প্রতিটি জেলা-উপজেলায় কিশোর-কিশোরী ক্লাব গঠনের মাধ্যমে নারীদের শিক্ষা সংস্কৃতি খেলাধুলাসহ নানা বিষয়ে সচেতন করা হচ্ছে।' এসময় সুইডিশ রাষ্ট্রদূত বর্তমান সরকারের প্রশংসা করে বলেন, 'বাংলাদেশ নারীর ক্ষমতায়নের রোল মডেল এবং সকল সম্ভাব্য সহযোগিতার মাধ্যমে বাংলাদেশের উন্নয়নের ধারাবাহিকতা রক্ষায় বাংলাদেশ এবং সুইডেন একসঙ্গে কাজ করতে চায়।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

**অঙ্গীকার পূরণে এলাকার জন্য ২০ কোটি করে টাকা পাচ্ছেন এমপিরা**

সংসদ সদস্যদের স্ব স্ব এলাকায় উন্নয়নের অঙ্গীকার পূরণের জন্য ২০ কোটি টাকা বরাদ্দের কথা জানিয়েছেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী তাজুল ইসলাম। রোববার সংসদে জাতীয় পার্টির মহাসচিব মুজিবুল হক চুন্নু বলেন, 'এমপিরা নির্বাচনি প্রতিশ্রুতি দেন। তাছাড়া তার এলাকার উন্নয়নে এর আগেও একটা থোক বরাদ্দ থাকত। এখন নতুন সরকার, এ সরকারের আমলে এমপিদের নিজ নিজ এলাকার উন্নয়নে বরাদ্দ সরকার দেবে কি না?' এর জবাবে মন্ত্রী তাজুল ইসলাম বলেন, 'সংসদ সদস্যরা স্ব স্ব এলাকায় উন্নয়নের জন্য মানুষের কাছে অনেক অঙ্গীকার করেন, এটাই স্বাভাবিক। স্বাভাবিকভাবে সেসব অঙ্গীকার পূরণ করার জন্য এমপিদের যেমন আগ্রহ, তেমনি প্রধানমন্ত্রী বিষয়টি অত্যন্ত আন্তরিকভাবে অনুধাবন করেছেন বলে একটি প্রকল্প করে প্রতিজন এমপির নির্বাচনি এলাকার জন্য এরই মধ্যে পাঁচ বছর মেয়াদের জন্য ২০ কোটি টাকা দেওয়ার একটি প্রকল্প প্রণয়ন করেছেন। এটি চলমান।' এ প্রকল্প শেষ হলে এমপিদের নির্বাচনি এলাকার উন্নয়ন ও অঙ্গীকার পূরণে আবারো নতুন করে প্রকল্প নেওয়ার কথা বিবেচনা করা হবে বলে জানান মন্ত্রী। এসময় স্পিকার শিরীন শারমিন চৌধুরী অধিবেশনে সভাপতিত্ব করেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

**বিএনপিকে ধ্বংস করছেন তারেক রহমান : বস্ত্র ও পাটমন্ত্রী**

বিএনপির নেতা পলাতক আসামি তারেক রহমান লন্ডনে বসে দলটিকে ধ্বংস করতে চান বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য এবং বস্ত্র ও পাটমন্ত্রী অ্যাডভোকেট জাহাঙ্গীর কবির নানক। তিনি দলটির নেতাদের উদ্দেশ্যে বলেন, 'বিএনপির রাজনীতি টিকিয়ে রাখতে হলে আগে তারেক রহমানকে পরিত্যাগ করতে হবে।' রোববার, ১৮ ফেব্রুয়ারি দুপুরে মোহাম্মদপুরের শ্যামলী আইডিয়াল পলিটেকনিক ইনস্টিটিউটের ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং শিক্ষার্থীদের নবীণবরণ অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে জাহাঙ্গীর কবির নানক এসব কথা বলেন। বিএনপি নেতা মঈন খানের দেওয়া এক বক্তব্যের কঠোর সমালোচনা করে আওয়ামী লীগের নেতা জাহাঙ্গীর কবির নানক বলেন, 'ড. মঈন খান তাদের অপরাধ আড়াল করতে চান। বিএনপির ব্যর্থতা আড়াল করতে চান। তারা এখনই যদি তাদের ধ্বংসের কারণ বুঝতে ব্যর্থ হন, তবে তাদের ধ্বংস অনিবার্য।' মন্ত্রী বলেন, 'বিএনপি ধ্বংস করছেন লন্ডনে বসে দন্ডপ্রাপ্ত আসামি তারেক রহমান। আমি ড. মইন খান-সহ বিএনপি নেতাদের বলতে চাই, আপনারা আসল তথ্য বের করুন, আসল রহস্য বের করুন। জনসমক্ষে বলুন আর না বলুন, দলের অভ্যন্তরীণ সভায় আপনারা বিষয়গুলো আলোচনা করুন। নয়তো তারেক রহমান এ দলটিকে নিশ্চিহ্ন করে দেবেন।' অনুষ্ঠানে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মোঃ আলী আকবর খান, ঢাকা মহানগর উত্তর আওয়ামী লীগের সভাপতি শেখ বজলুর রহমান, শ্যামলী আইডিয়াল পলিটেকনিক ইনস্টিটিউটের সভাপতি অধ্যক্ষ এম এ সাত্তার-সহ স্থানীয় আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

**২৪ ঘণ্টায় ৪৩ জনের করোনা শনাক্ত**

দেশে গত ২৪ ঘণ্টায় ৪৩ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৭ হাজার ৮৮৭ জনে। এ সময়ে করোনায় আক্রান্ত হয়ে কারো মৃত্যু হয়নি। ফলে মোট মৃত্যুর সংখ্যা ২৯ হাজার ৪৮৬ জনে অবস্থান করছে। রোববার, ১৮ ফেব্রুয়ারি স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ

হয়েছেন ৩৮ জন। এ পর্যন্ত সুস্থ হয়েছেন ২০ লাখ ১৫ হাজার ৪২ জন। গত ২৪ ঘণ্টায় পরীক্ষা করা হয় ৫২৬ নমুনা। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৮ দশমিক ১৭ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০২.২০২৪ প্রতীক)

# BBC

**FORMER THAI PRIME MINISTER THAKSIN FREED ON PAROLE**

Thailand's convicted former Prime Minister Thaksin Shinawatra has arrived at his mansion in the capital Bangkok after being released on parole. The billionaire was freed from a police hospital, where he had been serving a one-year jail sentence for corruption and abuse of power. Thaksin, 74, was detained as soon as he returned to Thailand last August from 15 years in self-imposed exile. He did not spend a single night in jail after complaining of health problems. (BBC Web Page: 18/02/24, FARUK)

**WHO SAYS GAZA HOSPITAL RAIDED BY IDF NOT FUNCTIONAL**

The World Health Organization has said Gaza's Nasser hospital has ceased to function following an Israeli raid. Israel Defence Force (IDF) troops entered the complex on Thursday, saying intelligence indicated hostages taken by Hamas were being held there. The WHO said it had not been allowed to enter the site to assess the situation. Israel has been focusing its campaign against Hamas in the southern Gaza city of Khan Younis and has indicated it may continue south to Rafah. (BBC Web Page: 18/02/24, FARUK)

**BIDEN ASSURES ZELENSKY US WILL SEND $60BN IN AID**

US President Joe Biden has assured his Ukrainian counterpart that $60bn in military aid is on its way. The measure still needs to pass a final congressional vote, but Mr Biden told Volodymyr Zelensky that he was confident it would be approved. Mr Zelensky had earlier made an urgent appeal for more weapons to avoid a catastrophic situation in Europe. The US has blamed Ukraine's withdrawal from the battle at Avdiivka on a lack of Congressional support. (BBC Web Page: 18/02/24, FARUK)

**TEL AVIV PROTESTERS CALL ON NETANYAHU TO RESIGN**

Protesters angry with Israeli Prime Minister Benjamin Netanyahu have taken to the streets of Tel Aviv to demand fresh elections. While anti-government protests declined in the wake of the 7 October attacks, Mr Netanyahu's popularity has fallen as the fighting goes on. Mass protests were regularly held throughout 2023 demanding his resignation - fuelled by opposition to controversial judicial reforms. Mr Netanyahu is now also under pressure over the fate of the dozens of hostages taken from Israel by Hamas fighters on 7 October and held in Gaza. More than 1,200 people were killed when Hamas attacked Israel, sparking the ongoing war. (BBC Web Page: 18/02/24, FARUK)

**BRAZIL JUDGE ISSUES $48M FINE OVER DEADLY SINKHOLE**

A judge in Brazil has fined officials and construction companies R$240m over the collapse of a building site in the city of Sao Paulo. Seven people were killed in the accident in 2007, when an enormous sinkhole suddenly opened up, swallowing pedestrians and vehicles. Workers were digging a tunnel to extend the metro system in the Pinheiros neighbourhood when the earth gave way. The judge said the collapse was due to negligent and dangerous acts. (BBC Web Page: 18/02/24, FARUK)

**ASYLUM SEEKERS FEEL UNSAFE ON REMOTE UK ISLAND**

A group of asylum seekers on an isolated British island territory have told UN investigators they feel unsafe and forgotten, as they reported sexual assaults and harassment of children, as well as self-harm and suicide attempts. Inspectors from the UN's refugee agency visited Diego Garcia, in the Indian Ocean, to check on their welfare. A draft report says that conditions there amounted to arbitrary detention. The Foreign Office said the island was not suitable for migrants to live on. The 61 people currently in the island camp are mostly Sri Lankan Tamils and the first of them landed on Diego Garcia in October 2021 after their boat ran into trouble while trying to sail to Canada, according to migrants and officials.
(BBC Web Page: 18/02/24, FARUK)

**UKRAINE VISA SCHEMES TO BE EXTENDED BY 18 MONTHS**

Ukrainians who came to the UK following the Russian invasion will be able to apply for 18-month extensions to their visas, the government has announced. Since the invasion, the second anniversary of which is next week, some 200,200 Ukrainians and family members have come to the UK. New arrivals were granted three years to remain, meaning the first

visas were due to expire in March 2025. It means those on the earliest visas can stay until at least September 2026. The government said it would provide people with certainty and stability. (BBC Web Page: 18/02/24, FARUK)

**US SIGNALS IT WILL BLOCK PROPOSED GAZA CEASEFIRE RESOLUTION AT UN**

The United States has said it will block another resolution that will soon be presented at the United Nations urging a ceasefire in Israel's war on Gaza. Algeria has proposed a new resolution be put to a vote on Tuesday at the UN Security Council (UNSC) that seeks an immediate humanitarian ceasefire between Israel and Hamas, the Palestinian group that governs Gaza, while also demanding an immediate and unconditional release of all hostages. "Should it come up for a vote as drafted, it will not be adopted,"said US Ambassador to the UN Linda Thomas-Greenfield in a statement on Saturday.
(BBC Web Page: 18/02/24, FARUK)

**::THE END::**